No. IX.

Under the patronage of the government of Bengal, and dedicated, by permission, to the Governor General of India.

ENCYCLOPÆDIA BENGALENSIS,

Or a series of publications in English and Bengali,

COMPILED FROM VARIOUS SOURCES,

ON HISTORY, SCIENCE, AND LITERATURE,

EDITED

BY THE REV. K. M. BANERJEA.

"ψυχης ιατρειον."

Diod. Sic. I.

Mathematics,

GEOMETRY

PART II.

CALCUTTA:

OSTELL AND LEPAGE, AND P. S. D'ROZARIO AND CO.

1848

R. Rodrigues, Printer,
Sumachar Chundrica Press.

ELEMENTS OF GEOMETRY,

THE FOURTH, FIFTH, AND SIXTH BOOKS

OF EUCLID,

BY JOHN PLAYFAIR, F. R. S.

WITH ADDITIONS

BY WILLIAM WALLACE, A. M. F. R. S. E

AND A SYMBOLICAL DEMONSTRATION AS BEFORE



TO WHICH IS ADDED A SELECTION FROM BLANI

GEOMETRICAL PROBLEMS, AND THE LILAVATI.

Calcutta:

OSTELL AND LEPAGE AND P. S. D'ROZARIO AND

1848.

বিদ্যাকল্পদ্রুম।

অর্থাৎ বিবিধ বিদ্যা বিষয়ক রচনা

শ্রীকৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় দ্বারা

সংগৃহীত

নবম কাণ্ড।

ক্ষেত্র তত্ত্ব।

২ খণ্ড

ইউক্লিডের চতুর্থ পঞ্চম ষষ্ঠ অধ্যায় জান্
প্লেফেয়রের ব্যাখ্যানুসারে ও উলিয়ম
ওয়ালেসের অতিরিক্ত লিখনানু
সারে অনুবাদিত।

সর্বশেষে ব্রাণ্ড নামক গ্রন্থকারের ক্ষেত্রতত্ত্ব বিষয়ক
প্রশ্ন হইতে এবং লীলাবতীর অন্তর্গত ক্ষেত্র
ব্যবহার হইতে কতিপয় প্রশ্ন উদ্ধৃত।

কলিকাতা সমাচার চন্দ্রিকা যন্ত্রে শ্রীযুত আর রড্রিগস্
সাহেব কর্তৃক মুদ্রিত হইল।

ইং ১৮৪৮। শক ১৭৬৯


CONTENTS.

GEOMETRY

BOOK VI.

DEFINITIONS.


I. SIMILAR *rectilineal figures* are those which have their several angles equal, each to each, and the sides about the equal angles proportionals.



II. Two sides of one figure are said to be *reciprocally proportional* to two sides of another, when one of the sides of the first is to one of the sides of the second, as the remaining side of the second is to the remaining side of the first.

III. A straight line is said to be cut in *extreme and mean ratio*, when the whole is to the greater segment, as the greater segment is to the less.


IV. The *altitude* of any figure is the straight line drawn from its vertex perpendicular to its base.



৬ অধ্যায়।

সংজ্ঞা।


১ যেং সরল রৈখিক ক্ষেত্রের কোণ সকল ক্রমশঃ সমান এবং সমানং কোণসং-লগ্ন বাহু পরস্পর অনু-পাতীয় সে সকল ক্ষেত্র-কে সদৃশ কহা যায়।



২ দুই ক্ষেত্রের মধ্যে প্রথমের এক বাহু দ্বিতীয়ের এক বাহুর সহিত যে নিষ্পত্তি যুক্ত হয় দ্বিতীয়ের অপর বাহু প্রথ-মের অপর বাহুর সহিত যদি সেই নিষ্পত্তি যুক্ত হয় তবে প্রথমের দুই বাহুকে দ্বিতীয়ের দুই বাহুর সহিত "উভয়তঃ অনুপাতীয়" কহা যায়।

৩ কোন সরল রেখার সমুদায়াংশ যথা বৃহত্তর খণ্ডের সম্বন্ধে, বৃহত্তর খণ্ড তথা ক্ষুদ্রতরের সম্বন্ধে কল্পিত হইলে ঐ সরল রেখাকে অন্ত্য এবং মধ্য অনুপাতীয় রূপে ছিন্ন কহা যায়।

৪ কোন ক্ষেত্রের শৃঙ্গ হইতে ভূমি পর্য্যন্ত লম্বপাত করিলে সেই লম্বকে ক্ষেত্রের উন্নতি কহা যায়।




PROP. I. THEOR.

Triangles and parallelograms, of the same altitude, are one to another as their bases.

Let the triangles ABC, ACD, and the parallelograms EC, CF have the same altitude, viz. the perpendicular drawn from the point A to BD: Then, as the base BC is to the base CD, so is the triangle ABC to the triangle ACD, and the parallelogram EC to the parallelogram CF.

Produce BD both ways to the points H, L, and take any number of straight lines BG, GH, each equal to the base BC; and DK, KL, any number of them, each equal to the base CD; and join AG, AH, AK, AL. Then, because CB, BG, GH are all equal, the triangles AHG, AGB, ABC are all equal (38. 1.): Therefore, whatever multiple the base HC is of the base BC, the same multiple is the triangle AHC of the triangle ABC. For the same reason, whatever multiple the base LC is of the base CD, the same multiple is the triangle ALC of the triangle ADC. But if the base HC be equal to the base CL, the triangle AHC is also equal to the triangle ALC (38. 1.); and if the base HC be




greater than the base CL, likewise the triangle AHC is greater than the triangle ALC; and if less, less. Therefore, since there are four magnitudes, viz. the two bases BC, CD, and the two triangles ABC, ACD; and of the base BC and the triangle ABC, the first and third, any equimultiples whatever have been taken, viz. the base

১ প্রতিজ্ঞা। উপপাদ্য।

ত্রিভুজ এবং সমানান্তরাল ক্ষেত্রের উন্নতি রেখা এক হইলে তাহারদের ভূমির পরিমাণে পরস্পর অনুপাত হয়।

কখগ কঘগ ত্রিভুজ এবং গঙ গচ সমানান্তরাল ক্ষেত্র সমান উন্নত অর্থাৎ ক চিহ্ন হইতে খঘ পর্য্যন্ত লম্বপাত করিলে সেই লম্ব তাহারদের সামান্য উন্নতি হইবে। অতএব খগ ভূমি গঘ সহিত যে নিষ্পত্তি যুক্ত কখগ ত্রিভুজ কঘগ ত্রিভুজের এবং গঙ সমানান্তরাল ক্ষেত্র গচ সমানান্তরাল ক্ষেত্রের সহিত সেই নিষ্পত্তি যুক্ত।



খঘ রেখাকে উভয় পার্শ্বে জ এবং ঠ পর্য্যন্ত বৃদ্ধি কর এবং খগ ভূমির সমান খছ ছজ রেখা ছেদ কর তথা গঘ ভূমির সমান ঘট টঠ রেখা ছেদ কর এবং কছ কজ কট কঠ সংযুক্ত কর। অপর গখ খছ ছজ পরস্পর সমান হওয়াতে কখগ কছখ কজছ ত্রিভুজ সকল পরস্পর সমান (১।৩৮) অতএব জগ রেখা যৎপরিমাণে খগ রেখার অপবর্ত্ত্য কজগ ত্রিভুজও সেই পরিমাণে কখগ ত্রিভুজের অপবর্ত্ত্য। তদ্রূপ গঠ রেখা যৎপরিমাণে গঘ রেখার অপবর্ত্ত্য কঠগ ত্রিভুজও সেই পরিমাণে কগঘ ত্রিভুজের অপবর্ত্ত্য। অধিকন্তু জগ ভূমি গঠ ভূমির সমান হইলে কজগ ত্রিভুজও কগঠ ত্রিভুজের সমান হইবে (১।৩৮) এবং জগ গঠ ভূমির অধিক হইলে কজগ ত্রিভুজও কগঠ ত্রিভুজের অধিক হইবে তথা ভূমি ন্যূন হইলে ত্রিভুজও ন্যূন হইবে। খগ গঘ দুই ভূমি এবং কখগ কগঘ দুই ত্রিভুজ এই চারি রাশির মধ্যে প্রথম এবং তৃতীয়ের

HC, and the triangle AHC: and of the base CD and triangle ACD, the second and fourth, have been taken any equimultiples whatever, viz. the base CL and triangle ALC; and, since it has been shewn, that if the base HC be greater than the base CL, the triangle AHC is greater than the triangle ALC; and if equal, equal; and if less, less: Therefore (Def. 5. 5.), as the base BC is to the base CD, so is the triangle ABC to the triangle ACD.

And because the parallelogram CE is double the triangle ABC (41. 1.), and the parallelogram CF double the triangle ACD, and because magnitudes have the same ratio which their equimultiples have (15. 5.); as the triangle ABC is to the triangle ACD, so is the parallelogram EC to the parallelogram CF. And because it has been shewn, that, as the base BC is to the base CD, so is the triangle ABC to the triangle ACD, and as the triangle ABC to the triangle ACD, so is the parallelogram EC to the parallelogram CF; therefore, as the base BC is to the base CD, so is (11. 5.) the parallelogram EC to the parallelogram CF. Wherefore, "*triangles*," &c. Q. E. D.

COR. From this it is plain, that *triangles and parallelograms that have equal altitudes, are to one another as their bases.*

(অর্থাৎ খগ ভূমি এবং কখগ ত্রিভুজের) জগ এবং কজগ সম অপবর্ত্ত্য এবং দ্বিতীয় ও চতুর্থের অর্থাৎ গঘ ভূমির ও কগঘ ত্রিভুজের গঠ এবং কগঠ সম অপবর্ত্ত্য কল্পিত হইয়াছে এবং এমত উপপন্ন হইয়াছে যে জগ ভূমি গঠ ভূমির অধিক হইলে কজগ ত্রিভুজ কগঠ ত্রিভুজের অধিক হইবে ও জগ গঠ সমান হইলে কজগ কগঠ সমান হইবে তথা ভূমি ন্যূন হইলে ত্রিভুজও ন্যূন হইবে অতএব (৫।৫ সং) খগ ভূমি গঘ ভূমির সম্বন্ধে যে নিষ্পত্তিযুক্ত কখগ ত্রিভুজও কগঘ ত্রিভুজের সম্বন্ধে সেই নিষ্পত্তি বিশিষ্ট।

অপিচ গঙ সমানান্তরাল ক্ষেত্র কখগ ত্রিভুজের দ্বিগুণ এবং গচ সমানান্তরাল ক্ষেত্র কগঘ ত্রিভুজের দ্বিগুণ (১।৪১) এবং কতিপয় রাশির সম অপবর্ত্ত্যের পরস্পর সম্বন্ধে যে নিষ্পত্তি রাশিদিগের পরস্পর সম্বন্ধে সেই নিষ্পত্তি (৫।১৫) অতএব কখগ ত্রিভুজ কগঘ ত্রিভুজের সম্বন্ধে যে নিষ্পত্তি বিশিষ্ট গঙ সমানান্তরাল ক্ষেত্র গচ সমানান্তরাল ক্ষেত্রের সম্বন্ধেও সেই নিষ্পত্তি বিশিষ্ট। অপর পূর্ব্বে উপপন্ন হইয়াছে যে খগ ভূমি গঘ ভূমির সম্বন্ধে যে নিষ্পত্তি ধারণ করে কখগ ত্রিভুজও কগঘ ত্রিভুজের সম্বন্ধে সেই নিষ্পত্তি ধারণ করে এবং কখগ ত্রিভুজ কগঘ ত্রিভুজের সম্বন্ধে যে নিষ্পত্তি বিশিষ্ট গঙ সমানান্তরাল ক্ষেত্র গচ সমানান্তরাল ক্ষেত্রের সম্বন্ধে সেই নিষ্পত্তি যুক্ত অতএব (৫।১১) খগ ভূমি গঘ ভূমির সম্বন্ধে যে নিষ্পত্তি ধারণ করে গঙ সমানান্তরাল ক্ষেত্রও গচ সমানান্তরাল ক্ষেত্রের সম্বন্ধে সেই নিষ্পত্তি ধারণ করে। অতএব ত্রিভুজ ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।


অনুমান। ইহাতে নিশ্চয় বোধ হইতেছে যে ত্রিভুজ এবং সমানান্তরাল ক্ষেত্রের উন্নতি সমান হইলে তাহারদের ভূমির পরিমাণে পরস্পর অনুপাত হয়।

Let the figures be placed so as to have their bases in the same straight line; and having drawn perpendiculars from the vertices of the triangles to the bases, the straight line which joins the vertices is parallel to that in which their bases are (33. 1.), because the perpendiculars are both equal and parallel to one another. Then, if the same construction be made as in the proposition, the demonstration will be the same.

PROP. II. THEOR.

If a straight line be drawn parallel to one of the sides of a triangle, it will cut the other sides, or the other sides produced, proportionally: And if the sides, or the sides produced, be cut proportionally, the straight line which joins the points of section will be parallel to the remaining side of the triangle.

Let DE be drawn parallel to BC, one of the sides of the triangle ABC; BD is to DA, as CE to EA.



Join BE, CD; then the triangle BDE is equal to the triangle CDE (37. 1.), because they are on the


ত্রিভুজ এবং সমানান্তরাল ক্ষেত্র এমত করিয়া স্থাপন কর যে তাহারদের ভূমি এক সরল রেখায় থাকে এবং ত্রিভুজের শৃঙ্গ হইতে ভূমির উপর লম্বপাত কর তাহাতে শৃঙ্গ সংযোজক রেখা ভূমির সমানান্তরাল হইবে (১৷৩৩) কেননা লম্ব রেখা সকলি সমান ও সমানান্তরাল। পরে পূর্ব্ববৎ অঙ্কপাত করিলে উপপত্তিও তাদৃশী হইবে।

---

২ প্রতিজ্ঞা। উপপাদ্য।

ত্রিভুজের এক বাহুর সমানান্তরাল ভাবে সরল রেখা নিষ্কাস্য করিলে তাহা ত্রিভুজের মধ্যে অন্য দুই বাহুকে অথবা ত্রিভুজের বাহিরে বর্দ্ধিত দুই বাহুকে অনুপাতীয় রূপে ছেদ করিবে, এবং দুই বাহু ত্রিভুজের মধ্যে অথবা বাহিরে অনুপাতীয় রূপে ছিন্ন হইলে ছেদ চিহ্ন সংযোজক রেখা অবশিষ্ট বাহুর সমানান্তরাল হইবে।

কখগ ত্রিভুজের খগ বাহুর সমানান্তরাল ভাবে ঘঙ রেখা কল্পিত হউক খঘ রেখার ঘক সহিত যৎপরিমাণে নিষ্পত্তি গঙ রেখার ঙক সহিত সেই পরিমাণে নিষ্পত্তি হইবে।



খঙ গঘ সংযুক্ত কর অতএব খঘঙ এবং গঘঙ দুই ত্রিভুজ ঘঙ এক ভূমির উপরিস্থ এবং খগ ঘঙ সমানান্তরাল রেখার

same base DE, and between the same parallels DE, BC: but ADE is another triangle, and equal magnitudes have, to the same, the same ratio (7. 5.); therefore, as the triangle BDE to the triangle ADE, so is the triangle CDE to the triangle ADE; but as the triangle BDE to the triangle ADE, so is (1. 6.) BD to DA, because, having the same altitude, viz. the perpendicular drawn from the point E to AB, they are to one another as their bases; and, for the same reason, as the triangle CDE to the triangle ADE, so is CE to EA. Therefore, as BD to DA, so is CE to EA (11. 5.).

Next, let the sides AB, AC of the triangle ABC, or these sides produced, be cut proportionally in the points D, E; that is, so that BD be to DA, as CE to EA, and join DE; DE is parallel to BC.

The same construction being made, because as BD to DA, so is CE to EA; And as BD to DA, so is the triangle BDE to the triangle ADE (1. 6.); and as CE to EA, so is the triangle CDE to the triangle ADE; therefore the triangle BDE is to the triangle ADE, as the triangle CDE to the triangle ADE; that is, the triangles BDE, CDE have the same ratio to the triangle ADE; and therefore (9. 5.) the triangle BDE is equal to the triangle CDE: And they are on the same base DE; but equal triangles on the same base are between the same parallels (39. 1.); there-

মধ্যস্থ হওয়াতে তাহারা পরস্পর সমান (১।৩৭) অধিকন্তু কঘঙ অন্য এক ত্রিভুজ এবং সমান২ রাশির সামান্য রাশির সম্বন্ধে সমান নিষ্পত্তি হয় (৫।৭) অতএব যৎপরিমাণে খঘঙ ত্রিভুজের কঘঙ সহিত নিষ্পত্তি গঘঙ ত্রিভুজের কঘঙ সহিত সেই পরিমাণে নিষ্পত্তি হইবে কিন্তু খঘঙ ত্রিভুজের কঘঙ সম্বন্ধে যে নিষ্পত্তি খঘ রেখার ঘক রেখার সম্বন্ধে সেই নিষ্পত্তি (৬।১) কেননা ঐ দুই ত্রিভুজের উন্নতি রেখা এক অর্থাৎ ঙ বিন্দু হইতে কখ রেখার লম্ব, একারণ তাহারদের ভূমি পরিমাণে পরস্পর অনুপাত। তদ্রূপ যৎপরিমাণে গঘঙ ত্রিভুজের কঘঙ সহিত নিষ্পত্তি গঙ রেখার সেই পরিমাণে ঙক সহিত নিষ্পত্তি অতএব (৬।১১) খঘ রেখার ঘক সহিত যে নিষ্পত্তি পরিমাণ গঙ রেখার ঙক সহিত সেই নিষ্পত্তি পরিমাণ।

দ্বিতীয়তঃ কখগ ত্রিভুজের কখ কগ বাহু ত্রিভুজের মধ্যে থাকিয়া অথবা বাহিরে বর্দ্ধিত হইয়া ঘ এবং ঙ বিন্দুতে অনুপাতীয় রূপে ছিন্ন হউক অর্থাৎ খঘ রেখার ঘক সম্বন্ধে যে নিষ্পত্তি পরিমাণ গঙ রেখার ঙক সম্বন্ধে সেই নিষ্পত্তি পরিমাণ হউক তাহাতে ঘঙ খগ সমানান্তরাল উপপন্ন হইবে।

পূর্ব্ববৎ অঙ্কপাত কল্পনা কর। অপর খঘ ঘক সম্বন্ধে যে অনুপাত গঙ ঙক সম্বন্ধেও সেই অনুপাত এবং খঘ ঘক সম্বন্ধে যে অনুপাত খঙঘ ঘঙক ত্রিভুজ সম্বন্ধেও সেই অনুপাত (৬।১) তথা গঙ ঙক সম্বন্ধে যে অনুপাত গঘঙ ঘঙক সম্বন্ধেও সেই অনুপাত অতএব খঙঘ ঘঙক ত্রিভুজ সম্বন্ধে যে অনুপাত গঘঙ ঘঙক সম্বন্ধেও সেই অনুপাত অর্থাৎ ঘঙক ত্রিভুজ সম্বন্ধে খঙঘ গঘঙ দুই ত্রিভুজের নিষ্পত্তি সমান সুতরাং (৫।৯) খঙঘ ত্রিভুজ গঘঙ ত্রিভুজের সমান। অধিকন্তু শেষোক্ত দুই ত্রিভুজ ঘঙ এক ভূমির উপরিস্থ আছে এবং সমান২


fore DE is parallel to BC. Wherefore, "*if a straight line*," &c. Q. E. D.

PROP. III. THEOR.

If the vertical angle of a triangle be bisected by a straight line which also cuts the base; the segments of the base shall have the same ratio which the other sides of the triangle have to one another: And if the segments of the base have the same ratio which the other sides of the triangle have to one another; the straight line drawn from the vertex to the point of section bisects the vertical angle.

Let the vertical angle BAC, of any triangle ABC be divided into two equal angles by the straight line AD; BD is to DC as BA to AC.

Through the point C draw CE parallel (31. 1.) to DA, and let BA produced meet CE in E. Because the straight line AC meets the parallels AD, EC, the angle ACE is equal to the alternate angle CAD (29. 1.): But CAD, by the hypothesis, is equal, to the angle BAD; wherefore BAD is equal to the angle ACE. Again, because the straight line BAE meets the parallels AD, EC, the exterior angle BAD is equal to the interior opposite angle AEC: But the angle ACE has been proved equal to the angle BAD; therefore also ACE is equal to the




ত্রিভুজ এক ভূমির উপর হইলে একই সমানান্তরালের মধ্যে থাকে (১।৩৯) একারণ ঘঙ খগ সমানান্তরাল। অতএব ত্রিভুজের এক বাহুর ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

৩ প্রতিজ্ঞা। উপপাদ্য।

ত্রিভুজের শৃঙ্গস্থ কোণ যদি কোন সরল রেখা দ্বারা দ্বিখণ্ড হয় এবং সেই সরল রেখা যদি ভূমিকে ছিন্ন করে তবে ত্রিভুজের অন্য দুই বাহুর পরস্পর সম্বন্ধে যে নিষ্পত্তি ভূমির দুই খণ্ডের পরস্পর সম্বন্ধেও সেই নিষ্পত্তি হইবে, এবং অন্য দুই বাহুর পরস্পর সম্বন্ধে যে নিষ্পত্তি ভূমির দুই খণ্ডের পরস্পর সম্বন্ধে যদি সেই নিষ্পত্তি হয় তবে ভূমির ছেদ চিহ্ন হইতে ত্রিভুজ শৃঙ্গ পর্য্যন্ত সরল রেখা টানিলে সেই রেখা শৃঙ্গস্থ কোণকে দ্বিখণ্ড করিবে।

কখগ ত্রিভুজের শৃঙ্গস্থ খকগ কোণ কঘ সরলরেখা দ্বারা দুই সমান ভাগে বিভক্ত হউক। খঘ রেখার ঘগ সম্বন্ধে যে নিষ্পত্তি খক রেখার কগ সম্বন্ধেও সেই নিষ্পত্তি।

গ বিন্দু দিয়া গঙ রেখা ঘক রেখার সমানান্তরাল করিয়া টান (১।৩১) এবং খক রেখা বর্দ্ধিত হইয়া ঙ বিন্দুতে গঙ রেখায় সংলগ্ন হউক। কঘ ঙগ সমানান্তরাল রেখার উপর কগ রেখার সম্পাত হইয়াছে একারণ কগঙ কোণ অপর পার্শ্বস্থ গকঘ কোণের সমান (১।২৯)। অধিকন্তু গকঘ ঘকখ কোণ সমান কল্পিত হইয়াছে সুতরাং ঘকখ কোণ কগঙ কোণ সমান। অপর কঘ ঙগ




সমানান্তরাল সরল রেখার উপর খকঙ সরল রেখার সম্পাত

angle AEC, and consequently the side AE is equal to the side (6. 1.) AC. And because AD is drawn parallel to one of the sides of the triangle BCE, viz. to EC, BD is to DC, as BA to AE (2. 6.); but AE is equal to AC; therefore, as BD to DC, so is BA to AC (7. 5.)

Next, Let BD be to DC, as BA to AC, and join AD; the angle BAC is divided into equal angles, by the straight line AD.

The same construction being made; because, as DB to DC, so is BA to AC; and as BD to DC, so is BA to AE (2. 6.), because AD is parallel to EC; therefore AB is to AC, as AB to AE (11. 5.): Consequently AC is equal to AE (9. 5.), and the angle AEC is therefore equal to the angle ACE




(5. 1.) But the angle AEC is equal to the exterior opposite angle BAD; and the angle ACE is equal to the alternate angle CAD (29. 1.). Wherefore also the angle BAD is equal to the angle CAD: Therefore the angle BAC is cut into two equal angles by

হইয়াছে তন্নিমিত্ত খকঘ বহিস্থ কোণ কঙগ অন্তরস্থ সম্মুখবর্ত্তি কোণের সমান পরন্তু কগঙ কোণ খকঘ সমান উপপন্ন হইয়াছে অতএব কগঙ এবং কঙগ পরস্পর সমান সুতরাং কঙ কগ দুই বাহুও সমান (১।৬)। অপর কঘ সরল রেখা খগঙ ত্রিভুজের গঙ বাহুর সমানান্তরাল হওয়াতে খক কঙ সম্বন্ধে যে নিষ্পত্তি বিশিষ্ট খঘ ঘগ সম্বন্ধেও সেই নিষ্পত্তি যুক্ত হইবে (৬।২) এবং কঙ কগ সমান হওয়াতে খক রেখার কগ সহিত যে নিষ্পত্তি খঘ রেখার ঘগ সহিতও সেই নিষ্পত্তি (৫।৭) উপপন্না হইল।

অপিচ খক রেখার কগ সহিত যে নিষ্পত্তি খঘ রেখার ঘগ সহিত সেই নিষ্পত্তি কল্পিত হউক তাহাতে কঘ সংযুক্ত করিলে তদ্দ্বারা খকগ কোণ দ্বিখণ্ডিত উপপন্ন হইবে।

পূর্ব্ববৎ অঙ্কপাত কর। অতএব খক রেখার কগ সহিত যে নিষ্পত্তি খঘ রেখার ঘগ সহিত সেই নিষ্পত্তি এবং কঘ ঙগ সমানান্তরাল প্রযুক্ত (৬।২) খক রেখার কঙ সহিত যে নিষ্পত্তি খঘ রেখার ঘগ সহিত সেই নিষ্পত্তি একারণ (৫।১১) খক রেখার কগ সহিত যে নিষ্পত্তি খক রেখার কঙ সহিতও সেই নিষ্পত্তি উপপন্ন হইল সুতরাং কগ কঙ পরস্পর সমান (৫।৯) তন্নিমিত্ত কগঙ এবং কঙগ কোণও পরস্পর সমান (১।৫) অধিকন্তু কঘ ঙগ সমানান্তরাল প্রযুক্ত খকঘ বহিস্থ কোণ কঙগ অন্তরস্থ সম্মুখবর্ত্তি কোণের সমান এবং কগঙ কোণ অপর পার্শ্বস্থ গকঘ সমান (১।২৯) অতএব খকঘ কোণ ঘকগ সমান সুতরাং খকগ কোণ কঘ সরল রেখার দ্বারা দুই সমান ভাগে বিভক্ত সপ্র-



the straight line AD. Therefore, if the vertical angle, &c. Q. E. D.

PROP. A. THEOR.

If the exterior angle of a triangle be bisected by a straight line which also cuts the base produced; the segments between the besecting line and the extremities of the base have the same ratio which the other sides of the triangle have to one another: And if the segments of the base produced have the same ratio which the other sides of the triangle have; the straight line, drawn from the vertex to the point of section bisects the exterior angle of the triangle.

Let the exterior angle CAE of any triangle ABC be bisected by the straight line AD which meets the base produced in D; BD is to DC, as BA to AC.

Through C draw CF parallel to AD (31. 1.); and because the straight line AC meets the parallels AD, FC, the angle ACF is equal to the alternate angle CAD (29. 1.): But CAD is equal to the angle DAE (Hyp.) therefore also DAE is equal to the angle ACF. Again

...ণ হইল। অতএব ত্রিভুজের শৃঙ্গস্থ কোণ ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।


ক প্রতিজ্ঞা। উপপাদ্য।

ত্রিভুজের বহিস্থ কোণ যদি কোন সরল রেখা দ্বারা দ্বিখণ্ডিত হয় এবং সেই সরল রেখা যদি বর্দ্ধিত ভূমিকে ছিন্ন করে তবে অন্য দুই বাহুর পরস্পর সম্বন্ধে যে নিষ্পত্তি দ্বিখণ্ডকারিণী সরল রেখা এবং ভূম্যগ্রের মধ্যস্থিত দুই সরল রেখার পরস্পর সম্বন্ধে সেই নিষ্পত্তি হইবে। তথা বর্দ্ধিত ভূমি কোন স্থলে ছিন্ন হইলে ছেদ চিহ্ন এবং ভূম্যগ্রের মধ্যস্থিত দুই সরল রেখার পরস্পর সম্বন্ধে যে নিষ্পত্তি অন্য দুই বাহুর পরস্পর সম্বন্ধে যদি সেই নিষ্পত্তি হয় তবে ছেদ চিহ্ন হইতে শৃঙ্গ পর্য্যন্ত সরল রেখা নিষ্কাস্য করিলে তদ্দ্বারা বহিস্থ কোণ দ্বিখণ্ডিত হইবে।

কখগ ত্রিভুজের বহিস্থ গকঙ কোণ কঘ সরল রেখা দ্বারা দ্বিখণ্ডিত রূপে কল্পিত হউক এবং বর্দ্ধিত ভূমির ঘ চিহ্নে কঘ রেখার সম্পাত হউক তাহাতে খক যথা কগ সম্বন্ধে খঘ তথা ঘগ সম্বন্ধে উপপন্ন হইবে।

গ বিন্দু দিয়া গচ সরল রেখা কঘ রেখার সমানান্তরাল করিয়া নিষ্কাসন কর (১।৩১)। কঘ চগ সমানান্তরাল রেখার উপর কগ রেখার সম্পাত হইতেছে একারণ চগক কোণ অপর পার্শ্বস্থ গকঘ কোণ সমান (১।২৯) অধিকন্তু গকঘ কোণ ঘকঙ কোণ সমান কল্পিত হইয়াছে অতএব কগচ কোণ ঘকঙ সমান। অপর চগ কঘ সমানান্তরালের উপর চকঙ রেখা সম্পাতি হইতেছে এনিমিত্ত ঘকঙ বহিস্থ কোণ কচগ অন্তরস্থ সম্মুখবর্ত্তি কোণ সমান হইবে কিন্তু ঘকঙ কোণ কগচ সমান সপ্রমাণ হইয়াছে অতএব কগচ কচগ দুই কোণ পরস্পর

because the straight line FAE meets the parallels AD, FC, the exterior angle DAE is equal to the interior opposite angle CFA: But the angle ACF has been proved to be equal to the angle DAE; therefore also the



angle ACF is equal to the angle CFA, and consequently the side AF is equal to the side AC (6. 1.); and because AD is parallel to FC, a side of the triangle BCF, BD is to DC, as BA to AF (2. 6.); but AF is equal to AC; therefore as BD is to DC, so is BA to AC.


Now, Let BD be to DC, as BA to AC, and join AD; the angle CAD is equal to the angle DAE.

The same construction being made, because BD is to DC, as BA to AC; and also BD to DC, as BA to AF (2. 6.); therefore BA is to AC, as BA to AF (11. 5.); wherefore AC is equal to AF (9. 5.), and the angle AFC equal (5. 1.) to the angle ACF: But the angle AFC is equal to the exterior angle EAD, and the angle ACF to the alternate angle CAD; therefore also EAD is equal to the angle CAD. Wherefore, if the exterior, &c. Q. E. D.

PROP. IV. THEOR.

The sides about the equal angles of equiangular triangles are proportionals; and those which are opposite to the equal angles are homologous sides, that is, are the antecedents or consequents of the ratios.

সমান সুতরাং কগ কচ রেখাও পরস্পর সমান (১।৬)। পুনশ্চ কঘ রেখা খগচ ত্রিভুজের গচ বাহুর সমানান্তরাল একারণ (৬।২) খঘ যথা ঘগ সম্বন্ধে খক তথা কচ সম্বন্ধে। পরন্তু কচ কগ সমান অতএব খঘ যথা ঘগ সম্বন্ধে খক তথা কগ সম্বন্ধে উপপন্ন হইল।



অপিচ খঘ যথা ঘগ সম্বন্ধে খক তথা কগ সম্বন্ধে কল্পিত হউক তাহাতে কঘ সংযুক্ত করিলে গকঘ কোণ ঘকঙ সমান উপপন্ন হইবে।

পূর্ব্ববৎ অঙ্কপাত কর। খঘ যথা ঘগ সম্বন্ধে খক তথা কগ সম্বন্ধে কল্পিত হইয়াছে এবং (৬।২) খঘ যথা ঘগ সম্বন্ধে খক তথা কচ সম্বন্ধে সপ্রমাণ হইতেছে অতএব (৫।১১) খক যথা কগ সম্বন্ধে খক তথা কচ সম্বন্ধে উপপন্ন হইল সুতরাং কগ রেখা কচ সমান (৫।৯) এবং কচগ কোণ কগচ কোণ সমান (১।৫) অধিকন্তু কচগ কোণ বহিস্থ ঘকঙ সমান এবং কগচ কোণ অপর পার্শ্বস্থ গকঘ কোণ সমান অতএব গকঘ এবং ঘকঙ কোণ পরস্পর সমান উপপন্ন হইল। অতএব ত্রিভুজের বহিস্থ কোণ ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।


---

৪ প্রতিজ্ঞা। উপপাদ্য।

সমান কোণি ত্রিভুজ সকলের সমান২ কোণের পার্শ্বস্থ বাহু পরস্পর অনুপাতীয়, এবং সমান২ কোণের সম্মুখস্থ বাহু পরস্পর সবর্গীয় অর্থাৎ তাহারা নিষ্পত্তি সম্বন্ধে অগ্রবর্ত্তি অথবা পশ্চাদ্বর্ত্তি হইবে।


Let ABC, DCE be equiangular triangles, having the angle ABC equal to the angle DCE, and the angle ACB to the angle DEC, and consequently (32. 1.) the angle BAC equal to the angle CDE; the sides about the equal angles of the triangles ABC, DCE are proportionals; and those are the homologous sides which are opposite to the equal angles.

Let the triangle DCE be placed, so that its side CE may be contiguous to BC, and in the same straight line with it: and because the angles ABC, ACB are together less than two right angles (17. 1.), ABC and DEC, which is equal to ACB, are also less than two right angles: wherefore BA, ED produced shall meet (Cor. 29. 1.); let them be produced and meet in the point F; and because the angle ABC is equal to the angle DCE, BF is parallel (28. 1.) to CD. Again, because the angle ACB is equal to the angle DEC, AC is parallel to FE (28. 1.) Therefore FACD is a parallelogram; and consequently AF is equal to CD, and AC to FD (34. 1.): And because AC is parallel to FE, one of the sides of the triangle FBE, BA : AF : : BC : CE (2. 6.); but AF is equal to CD; therefore (7. 5.) BA : CD : : BC : CE: and alternately BA : BC : : DC : CE (16. 5.): Again, because CD is parallel to BF, BC : CE : : FD : DE (2. 6.): but FD is equal to AC; therefore BC : CE : : AC : DE: and alternately, BC : CA : : CE : ED.



কখগ ঘগঙ দুই সমান২ কোণ বিশিষ্ট ত্রিভুজ কল্পনা কর তাহার মধ্যে কখগ কোণ ঘগঙ কোণের এবং কগখ কোণ ঘঙগ কোণের সমান আর খকগ কোণ সুতরাং (১।৩২) গঘঙ কোণের সমান। এস্থলে কখগ ঘগঙ ত্রিভুজের সমান২ কোণের পার্শ্বস্থ বাহু অনুপাতীয় এবং সমান২ কোণের সম্মুখবর্ত্তি বাহু সবর্গীয় হইবে।

ঘগঙ ত্রিভুজ এবম্প্রকারে স্থাপিত কর যেন গঙ বাহু খগ বাহুর অগ্রে সংলগ্ন হইয়া তাহার সহিত ক্রমশ এক সরল রেখা হয়। অপর কখগ এবং কগখ দুই কোণ একত্র যোগে দুই সম কোণের ন্যূন (১।১৭), এবং ঘঙগ কগখ কোণের সমান হওয়াতে কখগ ঘঙগ দুই কোণও একত্র দুই সম কোণের ন্যূন হইবে সুতরাং খক ঙঘ দুই সরল রেখা বর্দ্ধিত হইলে কোন স্থলে একত্র সংলগ্ন হইবে (১।২৯ অনুমান) চ চিহ্নে তাহারদের সম্পাত হউক। কখগ কোণ ঘগঙ সমান একারণ চখ এবং ঘগ



পরস্পর সমানান্তরাল (১।২৮) এবং কগখ কোণ ঘঙগ সমান একারণ কগ ও চঙ পরস্পর সমানান্তরাল সুতরাং কগঘচ সমানান্তরাল ক্ষেত্র এবং কগ চঘ তুল্যা কচ গঘ পরস্পর সমান (১।৩৪)।অপর কগ সরল রেখা চখঙ ত্রিভুজের চঙ বাহুর সমানান্তরাল একারণ খক : কচ :: খগ : গঙ (৬।২) পরন্তু কচ এবং গঘ পরস্পর সমান অতএব (৫।৭) খক : গঘ :: খগ : গঙ এবং বিনিময় নিষ্পত্তিতে (৫।১৬) খক : খগ :: গঘ : গঙ। পুনশ্চ গঘ খচ পরস্পর সমানান্তরাল একারণ (৬।২) খগ : গঙ :: চঘ : ঘঙ পরন্তু চঘ কগ পরস্পর সমান তন্নিমিত্ত খগ : গঙ


Therefore, because it has been proved, that AB : BC : : DC : CE ; and BC : CA : : CE : ED, *ex æquali*, BA : AC : : CD : DE. Therefore, "*the sides*", &c. Q. E. D.

PROP. V. THEOR.

If the sides of two triangles, about each of their angles be proportionals, the triangles shall be equiangular and have their equal angles opposite to the homologous sides.

Let the triangles ABC, DEF, have their sides proportionals, so that AB is to BC, as DE to EF ; and BC to CA, as EF to FD ; and consequently, *ex æquali*, BA to AC, as ED to DF ; the triangle ABC is equiangular to the triangle DEF, and their equal angles are opposite to the homologous sides, viz. the angle ABC being equal to the angle DEF, and BCA to EFD, and also BAC to EDF.

At the points E, F, in the straight line EF, make (23. 1.) the angle FEG equal to the angle ABC, and the angle EFG equal to BCA ; wherefore the remaining angle BAC is equal to the remaining angle EGF (32. 1.), and the triangle ABC is therefore equiangular to




the triangle GEF and consequently they have their sides opposite to the equal angles proportionals (4. 6.) Wherefore

: কগ : ঘঙ এবং বিনিময় নিষ্পত্তিতে খগ : কগ :: গঙ : ঘঙ। অতএব কখ : খগ :: গঘ : গঙ এবং খগ : কগ :: গঙ : ঘঙ এই হেতুক সামান্যতঃ খক : কগ :: গঘ : ঘঙ। অতএব সমান কোণি ত্রিভজ ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

৫ প্রতিজ্ঞা। উপপাদ্য।

দুই ত্রিভুজের প্রত্যেক কোণের পার্শ্বস্থ বাহু যদি ক্রমশঃ অনুপাতীয় হয় তবে তাহারা সমান২ কোণ বিশিষ্ট এবং সমান২ কোণ সবর্গীয় বাহুর সম্মুখস্থ হইবে।

কখগ ঘঙচ ত্রিভুজের বাহু অনুপাতীয় রূপে কল্পনা কর অর্থাৎ কখ যথা খগ সম্বন্ধে ঘঙ তথা ঙচ সম্বন্ধে এবং খগ যথা গক সম্বন্ধে ঙচ তথা চঘ সম্বন্ধে এবং স্নুতরাং (সামান্যতঃ) খক যথা কগ সম্বন্ধে ঙঘ তথা ঘচ সম্বন্ধে জ্ঞান কর, তাহাতে কখগ ঘঙচ ত্রিভুজ পরস্পর সমান কোণি হইবে এবং সবর্গীয় বাহুর সম্মুখস্থ কোণ পরস্পর সমান হইবে অর্থাৎ কখগ কোণ ঘঙচ সমান এবং খগক কোণ ঙচঘ সমান তথা খকগ কোণ ঙঘচ সমান হইবে।



ঙচ সরল রেখাস্থ ঙ চ বিন্দুতে চঙছ কোণ কখগ সমান করিয়া এবং ঙচছ কোণ কগখ সমান করিয়া নিষ্কাসন কর (১।২৩) স্নুতরাং অবশিষ্ট খকগ কোণ ঙছচ কোণ তুল্য (১।৩২) এবং কখগ ত্রিভজ ঙচছ ত্রিভুজের সমান কোণি হইবে এবং তন্নিমিত্ত ঐ দুই ত্রিভুজের সমান২ কোণের সম্মুখস্থ বাহু অনুপাতীয় হইবে (৬।৪)। অতএব

AB : BC : : GE : EF; but, by supposition,
AB : BC : : DE : EF, therefore,
DE : EF : : GE : EF. Therefore, (11. 5.)
DE and GE have the same ratio to EF, and consequently are equal (9. 5.). For the same reason, DF is equal to FG. And because, in the triangles DEF, GEF, DE is equal to EG, and EF common, and also the base DF equal to the base GF; therefore the angle DEF is equal (8. 1.) to the angle GEF, and the other angles to the other angles, which are subtended by the equal sides (4. 1.). Wherefore the angle DFE is equal to the angle GFE, and EDF to EGF; and because the angle DEF is equal to the angle GEF, and GEF to the angle ABC: therefore the angle ABC is equal to the angle DEF: For the same reason, the angle ACB is equal to the angle DFE, and the angle at A to the angle at D. Therefore the triangle ABC is equiangular to the triangle DEF. Wherefore "*if the sides,*" &c. Q. E. D.

PROP. VI. THEOR.

If two triangles have one angle of the one equal to one angle of the other, and the sides the equal angles proportionals, the triangles shall be equiangular, and shall have those angles equal which are opposite to the homologous sides.

Let the triangles ABC, DEF have the angle BAC in the one equal to the angle EDF in the other, and the sides about those angles proportionals; that is, BA to AC, as ED to DF; the triangles ABC, DEF are equiangular, and have the angle ABC equal to the angle DEF, and ACB to DFE.

কখ : খগ :: ছঙ : ঙচ কিন্তু কল্পনানুসারে

কখ : খগ :: ঘঙ : ঙচ সুতরাং


ঘঙ : ঙচ :: ছঙ : ঙচ অতএব ঘঙ এবং ছঙ রেখার ঙচ সহিত সমান নিষ্পত্তি হওয়াতে তাহারা পরস্পর সমান (৫।৯)। ঐ কারণে ঘচ এবং চছ রেখাও পরস্পর সমান। অপর ঘঙচ ঙছচ এই দুই ত্রিভুজে ঘঙ ঙছ পরস্পর সমান এবং ঙচ সামান্য বাহু আর ঘচ ভূমি চছ ভূমির তুল্য একারণ (১।৮) ঘঙচ কোণ ছঙচ কোণের সমান এবং সমান২ বাহুর সম্মুখস্থ কোণও পরস্পর সমান (১।৪) একারণ ঘচঙ কোণ ছচঙ সমান এবং ঙঘচ কোণ ঙছচ সমান। অধিকন্তু ছঙচ কোণ কখগ সমান একারণ কখগ কোণ ঘঙচ সমান। তদ্রূপ কগখ কোণ ঘচঙ এবং ক কোণ ঘ কোণের সমান উপপন্ন হইবে তন্নিমিত্ত কখগ ত্রিভুজ ঘঙচ ত্রিভুজের সমান কোণি। অতএব দুই ত্রিভুজের ইত্যাদি—ইহাই এস্থলে উপপাদ্য।

৬ প্রতিজ্ঞা। উপপাদ্য।

দুই ত্রিভুজের যদি এক২ কোণ সমান হয় এবং সমান২ কোণের পার্শ্বস্থ বাহু অনুপাতীয় হয় তবে ঐ দুই ত্রিভুজ সমান কোণি হইবে অর্থাৎ সবর্গীয় বাহুর সম্মুখস্থ কোণ সমান২ হইবে।

কখগ এবং ঘঙচ ত্রিভুজের মধ্যে একটার খকগ কোণ অন্যটার ঙঘচ কোণের সমান এবং তৎপার্শ্বস্থ বাহু অনুপাতীয়, অর্থাৎ খক যথা কগ সম্বন্ধে ঙঘ তথা ঘচ সম্বন্ধে কল্পনা কর তাহাতে কখগ ঘঙচ দুই ত্রিভুজ পরস্পর সমান কোণি হইবে অর্থাৎ কখগ কোণ ঘঙচ কোণের এবং কগখ কোণ ঘচঙ কোণের সমান উপপন্ন হইবে।

At the points D, F, in the straight line DF, make (23. 1.) the angle FDG equal to either of the angles BAC, EDF; and the angle DFG equal to the angle ACB; wherefore the remaining angle at B is equal to the remaining angle at G (32. 1.), and consequently the triangle ABC is equiangular to the triangle DGF; and therefore




BA : AC : : GD : DF (4. 6.) But by hypothesis,
BA : AC : : ED : DF; and therefore
ED : DF : : GD : DF (11. 5.); wherefore ED is equal (9. 5.) to DG; and DF is common to the two triangles EDF, GDF: therefore the two sides ED, DF are equal to the two sides GD, DF; but the angle EDF is also equal to the angle GDF; wherefore the base EF is equal to the base FG (4. 1.), and the triangle EDF to the triangle GDF, and the remaining angles to the remaining angles, each to each, which are subtended by the equal sides: Therefore the angle DFG is equal to the angle DFE, and the angle at G to the angle at E: But the angle DFG is equal to the angle ACB; therefore the angle ACB is equal to the angle DFE, and the angle BAC is equal to the angle EDF (Hyp.); wherefore also the remaining angle at B is equal to the remaining angle at E. Therefore, the triangle ABC is equiangular to the triangle DEF. Wherefore, "*if two triangles*," &c. Q. E. D.

PROP. VII. THEOR.

If two triangles have one angle of the one equal to one angle of the other, and the sides about two other

ঘচ রেখাস্থ ঘ এবং চ বিন্দুতে (১।২৩) চঘছ কোণ খকগ অথবা ঙঘচ কোণের এবং ঘচছ কোণ কগখ কোণের সমান করিয়া নিষ্কাসন কর সুতরাং অবশিষ্ট খ কোণ অবশিষ্ট ছ কোণের সমান (১।৩২)



এবং কখগ ঘচছ দুই ত্রিভুজ পরস্পর সমান কোণি হইবে অতএব খক : কগ : : ছঘ : ঘচ (৬।৪)। কিন্তু কল্পনানুসারে খক : কগ : : ঙঘ : ঘচ। অতএব ঙঘ : ঘচ : : ছঘ : ঘচ (৫।১১) তন্নিমিত্ত ঙঘ এবং ঘছ পরস্পর সমান (৫।৯) এবং ঘচ ঙঘচ চঘছ ত্রিভুজের সামান্য বাহু একারণ ঙঘ ঘচ দুই বাহু ছঘ ঘচ দুই বাহুর সমান অপর ঙঘচ কোণও চঘছ কোণের সমান অতএব (১।৪) ঙচ ভূমি চছ ভূমির এবং ঙঘচ ত্রিভজ চঘছ ত্রিভুজের সমান এবং সমান২বাহুর সম্মুখস্থ অবশিষ্ট কোণও পরস্পর সমান সুতরাং ঘচছ কোণ ঘচঙ কোণের এবং ছ কোণ ঙ কোণের সমান। অধিকন্তু ঘচছ কোণ কগখ কোণের সমান অতএব ঘচঙ কোণও কগখ কোণের সমান হইবে অপর ঙঘচ কোণ কল্পনা প্রমাণ খকগ সমান তন্নিমিত্ত অবশিষ্ট ঙ কোণ অবশিষ্ট খ কোণের সমান এবং কখগ ত্রিভুজ ঙঘচ ত্রিভুজের সমান কোণি উপপন্ন হইল। অতএব দুই ত্রিভুজের ইত্যাদি। ইহাইএস্থলেউপপাদ্য

---


৭ প্রতিজ্ঞা। উপপাদ্য।

দুই ত্রিভুজের যদি এক২ কোণ সমান হয় এবং অন্য এক২ কোণের পার্শ্বস্থ বাহু যদি অনুপাতীয় হয় তবে অবশিষ্ট এক২ কোণ প্রত্যেকে সমকোণের ন্যূন অথবা অন্যূন হইলে দুই

angles proportionals, then, if each of the remaining angles be either less, or not less, than a right angle, the triangles shall be equiangular, and have those angles equal about which the sides are proportionals.

Let the two triangles ABC, DEF have one angle in the one equal to one angle in the other, viz. the angle BAC to the angle EDF, and the sides about two other angles ABC, DEF proportionals, so that AB is to BC, as DE to EF; and, in the first case, let each of the remaining angles at C, F, be less than a right angle: the triangle ABC is equiangular to the triangle DEF, that is, the angle ABC is equal to the angle DEF, and the remaining angle at C to the remaining angle at F.

For, if the angles ABC, DEF, be not equal, one of them is greater than the other: Let ABC be the greater, and at the point B, in the straight line AB, make the angle ABG equal to the angle (23. 1.) DEF: And because the angle at A is equal to the angle at D, and the angle ABG to the angle DEF; the remaining angle AGB is equal (32. 1.) to the remaining angle DFE: Therefore the triangle ABG is equiangular to the triangle DEF;




wherefore (4. 6.), AB : BG : : DE : EF; but by hypothesis, DE : EF : : AB : BC, therefore, AB : BC : : AB : BG (11. 5.); and because AB has the same ratio to each of the lines BC, BG; BC is equal (9. 5.) to BG, and therefore the angle BGC is equal to the angle BCG (5. 1.): But

ত্রিভুজ পরস্পর সমান কোণি হইবে এবং যেং কোণের পার্শ্বস্থ বাহু অনুপাতীয় সেইং কোণ সমান হইবে।

কখগ ঘঙচ ত্রিভুজের একং কোণ অর্থাৎ খকগ এবং ঙঘচ সমান করিয়া কল্পনা কর এবং অন্য একং কোণের অর্থাৎ কখগ ঘঙচ কোণের পার্শ্বস্থ বাহু অনুপাতীয় অর্থাৎ কখ যথা খগ সম্বন্ধে ঘঙ তথা ঙচ সম্বন্ধে কল্পনা কর এবং অবশিষ্ট গ চ কোণের প্রত্যেককে প্রথমত সমকোণের ন্যূন কল্পনা কর তাহাতে কখগ ত্রিভুজ ঘঙচ ত্রিভুজের সমান কোণি উপপন্ন হইবে অর্থাৎ কখগ কোণ ঘঙচ কোণের এবং অবশিষ্ট গ কোণ অবশিষ্ট চ কোণের সমান হইবে।

কেননা কখগ এবং ঘঙচ কোণ যদি পরস্পর সমান না হয় তবে তাহারদের একটা অন্যাপেক্ষা বৃহত্তর হইবে কখগ কোণকে বৃহত্তর কল্পনা করিয়া খ বিন্দুতে কখ রেখায় কখছ কোণ ঘঙচ কোণের সমান কর



(১।২৩) অপর ক কোণ ঘ কোণের এবং কখছ কোণ ঘঙচ কোণের সমান হওয়াতে অবশিষ্ট কছখ কোণ ঘচঙ কোণের সমান (১।৩২) এবং কখছ ত্রিভুজ ঘঙচ ত্রিভুজের সমান কোণি হইবে।


একারণ (৬।৪) কখ : খছ :: ঘঙ : ঙচ কিন্তু
কল্পনাপ্রমাণ ঘঙ : ঙচ :: কখ : খগ
অতএব (৫।১১) কখ : খগ :: কখ : খছ।

কখ রেখার খগ খছ প্রত্যেকের সম্বন্ধে নিষ্পত্তি পরিমাণ সমান হওয়াতে খগ খছ পরস্পর সমান হইবে (৫।৯) সুতরাং খগছ খছগ দুই কোণও সমান (১।৫) অপর কল্পনা প্রমাণ খগছ সমকোণের ন্যূন অতএব খছগ কোণও সমকোণের ন্যূন

the angle BCG is, by hypothesis, less than a right angle; therefore also the angle BGC is less than a right angle, and the adjacent angle AGB must be greater than a right angle (13. 1.). But it was proved, that the angle AGB is equal to the angle at F; therefore the angle at F is greater than a right angle; but by the hypothesis it is less than a right angle, which is absurd. Therefore the angles ABC, DEF are not unequal, that is, they are equal: And the angle at A is equal to the angle at D; wherefore the remaining angle at C is equal to the remaining angle at F: Therefore, triangle ABC is equiangular to the triangle DEF.

Next, Let each of the angles at C, F be not less than a right angle; the triangle ABC is also, in this case, equiangular to the triangle DEF.

The same construction being made, it may be proved, in like manner, that BC is equal to BG, and the angle at C equal to the angle BGC: But the angle at C is not less than a right angle; therefore the angle BGC is not less than a right angle: Wherefore, two angles of the triangle BGC are together no less than two right angles, which is impossible (17. 1.) and therefore the triangle ABC may be proved to b equiangular to the triangle DEF, as in the first case.




PROP. VIII. THEOR.

In a right angled triangle, if a perpendicular be draw from the right angle to the base; the triangles o each side of it are similar to the whole triangle, an to one another.

হইবে সুতরাং তৎসংলগ্ন কছখ কোণ সমকোণের অতিরিক্ত হইবে (১।১৩) পরন্তু কছখ কোণ ঘচঙ সমান উপপন্ন হইয়াছে একারণ ঘচঙ কোণও সমকোণের অতিরিক্ত হইবে কিন্তু কল্পনা প্রমাণ তাহা সমকোণ হইতে ন্যূন অতএব এস্থলে যুক্তির বিরোধ হইতেছে। তন্নিমিত্ত কখগ এবং ঘঙচ কোণ পরস্পরের অসমান নহে অর্থাৎ তাহারা পরস্পর সমান এবং ক ও ঘ বিন্দুস্থ কোণও সমান হওয়াতে অবশিষ্ট গ এবং চ বিন্দুস্থ কোণ সমান হইবে অতএব কখগ ত্রিভুজ ঘঙচ ত্রিভুজের সমান কোণি।

দ্বিতীয়তঃ গ চ বিন্দুস্থ কোণ প্রত্যেকে সমকোণের অন্যূন রূপে কল্পিত হউক তাহাতেও কখগ ত্রিভুজ ঘঙচ ত্রিভুজের সমান কোণি উপপন্ন হইবে।

পূর্ব্ববৎ অঙ্কপাত করিয়া কখগ কোণকে ঘঙচ কোণের অসমান কল্পনা করিলে ঐরূপে উপপন্ন হইবেক যে খগ খছ পরস্পর সমান এবং গ কোণ খছগ সমান। পরন্তু গ কোণ সমকোণের অন্যূন সুতরাং খছগ কোণও



সমকোণের অন্যূন হইবে তাহাতে খগছ ত্রিভুজের দুই কোণ একত্র যোগে দুই সমকোণের অন্যূন হয় তাহা অসাধ্য (১।১৭) সুতরাং প্রথম প্রকরণানুসারে কখগ ত্রিভুজ ঘঙচ ত্রিভুজের সমান কোণি উপপন্ন হইতে পারে।


---

৮ প্রতিজ্ঞা। উপপাদ্য।

সমকোণি ত্রিভুজে সমকোণ হইতে ভূমি পর্য্যন্ত লম্বপাত করিলে লম্বের দুই পার্শ্বস্থ ত্রিভুজ সমুদয় ত্রিভুজের এবং পরস্পরের সদৃশ হইবে।

Let ABC be a right angled triangle, having the right angle BAC; and from the point A let AD be drawn perpendicular to the base BC: the triangles ABD, ADC are similar to the whole triangle ABC, and to one another.


Because the angle BAC is equal to the angle ADB, each of them being a right angle, and the angle at B common to the two triangles ABC, ABD; the remaining angle ACB is equal to the remaining angle BAD (32. 1.): therefore the triangle ABC is equiangular to the triangle ABD, and the sides about their equal angles are proportionals (4. 6.);



wherefore the triangles are similar (Def. 1. 6.). In like manner, it may be demonstrated, that the triangle ADC is equiangular and similar to the triangle ABC: and the triangles ABD, ADC, being each equiangular and similar to ABC, are equiangular and similar to one another. Therefore "*in a right angled,*" &c. Q. E D.

COR. From this it is manifest, that *the perpendicular drawn from the right angle of a right angled triangle, to the base, is a mean proportional between the segments of the base;* and also that *each of the sides is a mean proportional between the base and its segment adjacent to that side.* For in the triangles BDA, ADC, BD : DA : : DA : DC (4. 6.); and in the triangles ABC, BDA, BC : BA : : BA : BD (4. 6.); and in the triangles ABC, ACD, BC : CA : CA : CD (4. 6.).

কখগ সমকোণি ত্রিভুজ কল্পনা কর খকগ তন্মধ্যস্থ সমকোণ পরে ক বিন্দু হইতে খগ ভূমির উপর লম্ব পাত কর তাহাতে কখঘ



এবং কঘগ ত্রিভুজ সমুদয় কখগ ত্রিভুজের এবং পরস্পরের সদৃশ হইবে।

খকগ কঘখ প্রত্যেকে সমকোণ প্রযুক্ত পরস্পর সমান এবং খ বিন্দুস্থ কোণ কখগ কখঘ উভয়ের সামান্য কোণ একারণ অবশিষ্ট কগখ এবং খকঘ কোণও পরস্পর সমান (১।৩২) অতএব কখগ কখঘ দুই ত্রিভুজ সমান কোণি সুতরাং তাহারদের সমান২ কোণের পার্শ্বস্থ বাহুও অনুপাতীয় (৬।৪) তন্নিমিত্ত তাহারা সদৃশ (৬।১ সংজ্ঞা) তদ্রূপ কঘগ ত্রিভুজ কখগ ত্রিভুজের সমান কোণি ও সদৃশ উপপন্ন হইবে। অপর কখঘ কগঘ দুই ত্রিভুজ প্রত্যেকে কখগ ত্রিভুজের সমান কোণি ও সদৃশ হওয়াতে তাহারা পরস্পরও সমান কোণি এবং সদৃশ উপপন্ন হইল। অতএব সমকোণি ত্রিভুজে ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

অনুমান। এস্থলে স্পষ্ট বোধ হইতেছে যে সমকোণি ত্রিভুজের সমকোণ হইতে ভূমির উপর লম্বপাত করিলে সেই লম্ব ভূমির দুই খণ্ডের মধ্য অনুপাতীয় হয় এবং ত্রিভুজের প্রত্যেক বাহু ভূমির এবং তৎসংলগ্ন ভূমি খণ্ডের মধ্য অনুপাতীয় কেনন। খঘক কঘগ ত্রিভুজে


খঘ : ঘক :: ঘক : ঘগ (৬।৪) এবং কখগ খঘক ত্রিভুজে খগ : খক :: খক : খঘ (৬।৪) এবং কখগ কগঘ ত্রিভুজে খগ : গক :: গক : গঘ (৬।৪)।

PROP. IX. PROB.

From a given straight line to cut off any part required that is, a part which shall be contained in it a given number of times.

Let AB be the given straight line, it is required to cut off from AB, a part which shall be contained in it a given number of times.

From the point A draw a straight line AC making any angle with AB; and in AC take any point D, and take AC such that it shall contain AD, as oft as AB is to contain the part which is to be cut off from it; join BC, and draw DE parallel to it: then AE is the part required to be cut off.




Because ED is parallel to one of the sides of the triangle ABC, viz. to BC, CD : DA : : BE : EA (2. 6.); and by composition (18. 5.) CA : AD : : BA : AE; But CA is a multiple of AD; therefore (6. 5.) BA is the same multiple of AE, or contains AE the same number of times that AC contains AD; and therefore, whatever part AD is of AC, AE is the same of AB; wherefore, from

৯ প্রতিজ্ঞা। সম্পাদ্য।

নির্দ্দিষ্ট সরল রেখা হইতে কোন নির্দ্দিষ্ট অংশ ছেদ করিতে হইবে অর্থাৎ তাহাতে নির্দ্দিষ্ট গুণ পরিমাণে ব্যাপ্ত হয় এমত অংশ ছেদ করিতে হইবে।

কখ নির্দ্দিষ্ট সরল রেখা তাহা হইতে এমত কোন অংশ ছেদ করিতে হইবে যাহা নির্দ্দিষ্ট গুণ পরিমাণে তাহাতে ব্যাপ্ত হয়।

ক বিন্দু হইতে কগ সরল রেখা নিষ্কাসন কর তাহাতে কখ সরল রেখা সম্পাতে যে কোন কোণ উৎপন্ন হউক। পরে কগ সরল রেখায় স্বেচ্ছানুসারে ঘ চিহ্ন নির্দ্দেশ করিয়া কগ সরল রেখাকে এবম্প্রকারে বৃদ্ধি কর যেন কখ সরল রেখার উদ্দিশ্য অংশ যে পরিমাণে তাহাতে ব্যাপ্ত কঘ রেখা সেই পরিমাণে কগ রেখাতে ব্যাপ্ত হয়। অনন্তর খগ সংযুক্ত করিয়া ঘঙ তাহার সমানান্তরাল ভাবে নিষ্কাসন কর তাহাতে কঙ কখ রেখার অভীষ্ট অংশ হইবে।



কখগ ত্রিভুজের খগ বাহুর সমানান্তরাল ভাবে ঘঙ নিষ্কাসিত হইয়াছে এ কারণ (৬।২) গঘ যথা ঘক সম্বন্ধে খঙ তথা ঙক সম্বন্ধে হইবেক সুতরাং যোগ নিষ্পত্তিতে (৫।১৮) গক যথা কঘ সম্বন্ধে খক তথা কঙ সম্বন্ধে উপপন্ন হইল। অপর গক কঘ রেখার অপবর্ত্ত্য অতএব খক রেখাও সেই পরিমাণে কঙ রেখার অপবর্ত্ত্য হইবে (৫।৬) অর্থাৎ গক রেখা যে পরিমাণে কঘ রেখার ব্যাপক খক রেখাও সেই পরিমাণে কঙ রেখার ব্যাপক হইবে একারণ কঘ রেখা কগ রেখার যে পরিমাণানুযায়ি অংশ কঙ রেখাও কখ রেখার সেই পরিমা-


the straight line AB the part required is cut off. *Which was to be done.*

PROP. X. PROB.

To divide a given straight line similarly to a given divided straight line, that is, into parts that shall have the same ratios to one another which the parts of the divided given straight line have.

Let AB be the straight line given to be divided, and AC the divided line; it is required to divide AB similarly to AC.

Let AC be divided in the points D, E; and let AB, AC be placed so as to contain any angle, and join BC, and through the points D, E, draw (31. 1.) DF, EG, parallel to BC; and through D draw DHK parallel to AB; therefore each of the figures FH, HB, is a parallelogram; wherefore DH is equal (34. 1.) to FG, and HK to GB: and because HE is parallel to KC, one of the sides of the triangle DKC, CE : ED : : KH : HD : (2. 6.) But KH = BG, and HD = GF; therefore CE : ED : : BG : GF. Again, because FD is parallel to EG, one of the sides of the triangle AEG, ED : DA : : GF : FA : But it has been proved that CE : ED : : BG : GF; therefore, the given straight line AB is divided similarly to AC. *Which was to be done.*




ণানুযায়ি অংশ হইবে সুতরাং কখ রেখার অভীষ্ট অংশ ছিন্ন হইল। ইহাই এস্থলে সম্পাদ্য।

---

১০ প্রতিজ্ঞা। সম্পাদ্য।

নির্দ্দিষ্ট সরল রেখাকে নির্দ্দিষ্টরূপে বিভক্ত এক সরল রেখার সদৃশ বিভক্ত করিতে হইবে অর্থাৎ তাহা এমতং অংশে বিভাগ করিতে হইবে যে সে সকল অংশ বিভক্ত রেখার অংশের ন্যায় পরস্পরের সম্বন্ধে নিষ্পত্তি যুক্ত হয়।

কখ নির্দ্দিষ্ট ভাজ্য সরল রেখা, কগ নির্দ্দিষ্ট বিভক্ত সরল রেখা, কখ রেখাকে কগ রেখার ন্যায় বিভক্ত করিতে হইবেক।




কগ সরল রেখাকে ঘ এবং ঙ বিন্দুতে বিভক্ত কল্পনা কর এবং কখ কগ রেখাকে এমত করিয়া স্থাপন কর যেন তাহারদের সম্পাতে কোণোৎপত্তি হয় পরে খগ সংযুক্ত করিয়া ঘ এবং ঙ বিন্দু দিয়া খগ রেখার সমানান্তরাল রূপে ঘচ ঙছ নিষ্কাসন কর (১।৩১) এবং ঘ বিন্দু দিয়া ঘজট রেখা কখ রেখার সমানান্তরাল করিয়া টান তাহাতে চজ জখ প্রত্যেকে সমানান্তরাল ক্ষেত্র হইবে এবং তন্নিমিত্ত ঘজ চছ সমান এবংজট ছখ সমান হইবে (১।৩৪) অপর ঘটগ ত্রিভুজের টগ বাহুর সমানান্তরাল জঙ একারণ গঙ : ঙঘ :: টজ : জঘ (৬।২) কিন্তু টজ = খছ এবং জঘ = ছচ অতএব গঙ : ঙঘ :: খছ: ছচ। অপর কছঙ ত্রিভুজের ছঙ বাহুর সমানান্তরাল চঘ একারণ ঙঘ : ঘক :: ছচ : চক। অধিকন্তু ইহাও উপপন্ন হইয়াছে যে গঙ : ঙঘ :: খছ : ছচ অতএব কখ নির্দ্দিষ্ট রেখা কগ রেখার ন্যায় বিভক্ত হইল ইহাই এস্থলে সম্পাদ্য।

PROP. XI. PROB.

To find a third proportional to two given straight lines.

Let AB, AC be the two given straight lines, and let them be placed so as to contain any angle; it is required to find a third proportional to AB, AC.



Produce AB, AC to the points D, E; and make BD equal to AC: and having joined BC, through D draw DE, parallel to it (31. 1.).

Because BC is parallel to DE, a side of the triangle ADE, AB : BD : : AC : CE (2. 6.); but BD = AC; therefore AB : AC : : AC : CE. Wherefore, to the two given straight lines AB, AC, a third proportional, CE, is found. *Which was to be done.*

PROP. XII. PROB.

To find a fourth proportional to three given straight lines.


Let A, B, C be the three given straight lines; it is required to find a fourth proportional to A, B, C.

Take two straight lines DE, DF, containing any angle EDF: and upon these make DG equal to A, GE equal to B. And DH equal to C; and having joined GH draw EF parallel (31. 1.) to it through the point

১১ প্রতিজ্ঞা। সম্পাদ্য।

দুই নির্দ্দিষ্ট সরল রেখার তৃতীয় অনুপাতীয় নির্দ্দেশ করিতে হইবে।

কখ কগ দুই নির্দ্দিষ্ট সরল রেখাকে এমত করিয়া স্থাপন কর যেন তাহারদের সম্পাতে কোণোৎপত্তি হয়। অপর তাহারদের তৃতীয় অনুপাতীয় নির্দ্দেশ করিতে হইবে।



কখ কগ সরল রেখাকে ঘ এবং ঙ পর্য্যন্ত বৃদ্ধি করিয়া খঘ সরল রেখাকে কগ সমান কর এবং খগ সংযুক্ত করিয়া ঘ বিন্দু দিয়া ঘঙ তাহার সমানান্তরাল ভাবে নিষ্কাসন কর (১।৩১) কঘঙ ত্রিভুজের ঘঙ বাহুর সমানান্তরাল খগ, একারণ কখ : খঘ :: কগ : গঙ (৬।২) পরন্তু খঘ = কগ অতএব কখ : কগ :: কগ : গঙ সুতরাং কখ কগ নির্দ্দিষ্ট সরল রেখার গঙ তৃতীয় অনুপাতীয় নির্দ্দিষ্ট হইল ইহাই এস্থলে সম্পাদ্য।

---


১২ প্রতিজ্ঞা। সম্পাদ্য।

তিন নির্দ্দিষ্ট সরল রেখার চতুর্থ অনুপাতীয় নির্ণয় করিতে হইবে।

ক, খ, গ, তিন নির্দিষ্ট সরল রেখা। তাহারদের চতুর্থ অনুপাতীয় নির্ণয় করিতে হইবে।

ঘঙ ঘচ দুই সরল রেখা কল্পনা কর যাহারদের সম্পাতে কোণোৎপত্তি হইতে পারে যথা ঙঘচ। অপর ঐ২ সরল রেখোপরি ঘছ ক সমান ছঙ খ সমান এবং ঘজ গ সমান করিয়া নিষ্কাসন কর এবং ছজ সংযুক্ত করিয়া ঙ বিন্দু

E. And because GH is parallel to EF, one of the sides of the triangle DEF, DG : GE : : DH : HF (2. 6.): but




DG = A, GE = B, and DH = C; and therefore A : B : : C : HF. Wherefore, to the three given straight lines, A, B, C, a fourth proportional HF is found *Which was to be done.*

PROP. XIII. PROB.

To find a mean proportional between two given straight lines.


Let AB, BC be the two given straight lines; it is required to find a mean proportional between them.

Place AB, BC in a straight line, and upon AC describe the semicircle ADC, and from the point B (11. 1.) draw BD at right angles to AC, and join AD, DC.



Because the angle ADC in a semicircle is a right angle (31. 3.), and because in the right angled triangle ADC, DB is

দিয়া ঙচ তাহার সমানান্তরাল রূপে নিষ্কাসন কর (১।৩১) অপর ঘঙচ ত্রিভুজের ঙচ বাহুর সমানান্তরাল ছজ একারণ




ঘছ : ছঙ :: ঘজ : জচ (৬।২) পরন্তু ঘছ = ক, ছঙ = খ এবং ঘজ = গ একারণ ক : খ :: গ : জচ অতএব ক খ গ তিন নির্দ্দিষ্ট সরল রেখার জচ চতুর্থ অনুপাতীয় নির্ণীত হইল ইহাই এ স্থলে সম্পাদ্য।

---

১৩ প্রতিজ্ঞা। সম্পাদ্য।

দুই নির্দ্দিষ্ট সরল রেখার মধ্য অনুপাতীয় নির্দ্দেশ করিতে হইবে।

কখ খগ দুই নির্দ্দিষ্ট সরল রেখা, তাহারদের মধ্য অনুপাতীয় নির্ণয় করিতে হইবে।




কখ খগ এক সরল রেখাস্থ করিয়া কগ সরল রেখার উপর কঘগ অর্দ্ধবৃত্ত নিষ্কাসন কর এবং খ বিন্দু হইতে খঘ রেখা কগ রেখার লম্ব ভাবে টান (১।১১) এবং কঘ ঘগ সংযুক্ত কর।

drawn from the right angle, perpendicular to the base, DB is a mean proportional between AB, BC, the segments of the base (Cor. 8. 6.); therefore, between the two given straight lines, AB, BC, a mean proportional DB is found. *Which was to be done.*

PROP. XIV. THEOR.

Let the parallelograms ABCD, AEFG be similar and similarly situated, and have the angle DAB common: ABCD and AEFG are about the same diameter.

For, if not, let, if possible, the parallelogram BD have its diameter AHC in a different straight line from AF, the diameter of the parallelogam EG, and let GF meet AHC in H; and through H draw HK



parallel to AD or BC; therefore the parallelogram ABCD, AKHG being about the same diameter, are similar to one another (24. 6.): wherefore, as DA to

সমানান্তরাল ক্ষেত্র তথা ঙচ সমানান্তরাল ক্ষেত্র সম্বন্ধে (৬।১) অতএব কখগ ক্ষেত্র যথা টছজ ক্ষেত্র সম্বন্ধে খঙ সমানান্তরাল ক্ষেত্র তথা ঙচ সম্বন্ধে (১।১১) অধিকন্তু কখগ সরল রৈখিক ক্ষেত্র খঙ সমানান্তরাল ক্ষেত্রের সমান অতএব টছজ ক্ষেত্র ঙচ সমানান্তরাল ক্ষেত্রের সমান (৫।১৪) এবং ঙচ ঘ সমান হওয়াতে টছজ ক্ষেত্রও ঘ সমান উপপন্ন হইল এবং পূর্ব্বে তাহা কখগ ক্ষেত্রের সদৃশ সপ্রমাণ হইয়াছে। অতএব টছজ সরল রৈখিক ক্ষেত্র কখগ ক্ষেত্রের সদৃশ এবং ঘ ক্ষেত্রের সমান রূপে নিষ্কাসিত হইল। ইহাই এস্থলে সম্পাদ্য।


---

২৬ প্রতিজ্ঞা। উপপাদ্য।

দুই সদৃশ সমানান্তরাল ক্ষেত্রের যদি এক সামান্য কোণ থাকে এবং উভয়ে যদি সদৃশাবস্থ হয় তবে তাহারা এক কর্ণের পরিতস্থ হইবে।

কখগঘ এবং কঙচছ দুই সদৃশ এবং সদৃশাবস্থ সমানান্তরাল ক্ষেত্রের ঘকখ এক সামান্য কোণ কল্পনা কর। কখগঘ এবং কঙচছ উভয়ে এক কর্ণের পরিতস্থ হইবে।

যদি স্যাৎ তাহা না হয় তবে ঙছ সমানান্তরাল ক্ষেত্রের কচ কর্ণ হইতে স্বতন্ত্র সরল রেখায় খঘ সমানান্তরাল ক্ষেত্রের কজগ কর্ণ কল্পনা কর এবং জ বিন্দুতে কজগ ও ছচ সরল রেখার সম্পাত হউক। জ বিন্দু দিয়া টজ সরল রেখা কঘ অথবা খগ রেখার সমানান্তরালরূপে নিষ্কাসিত কর তাহাতে কখগঘ এবং কটজছ




সমানান্তরাল ক্ষেত্র এক কর্ণের পরিতস্থ প্রযুক্ত পরস্পর সদৃশ হইবে (৬।২৪) অতএব ঘক যথা কখ সম্বন্ধে ছক তথা কট সম্বন্ধে কহা যাইতে পারে (৬।১ সংজ্ঞা) পরন্তু

AB, so is (Def. 1. 6.) GA to AK: but because ABCD and AEFG are similar parallelograms, as DA is to AB, so is GA to AE; therefore (11. 5.) as GA to AE, so is GA to AK; wherefore GA has the same ratio to each of the straight lines AE, AK; and consequently AK is equal (9. 5.) to AE, the less to the greater, which is impossible: therefore ABCD and AKHG are not about the same diameter; wherefore ABCD and AEFG must be about the same diameter. Therefore, if two similar, &c. Q. E. D.

PROP. XXVII. THEOR.

Of all the rectangles contained by the segments of a given straight line, the greatest is the square which is described on half the line.

Let AB be a given straight line, which is bisected in C, and let D be any point in it; the square on AC is greater than the rectangle AD.DB.




For, since the straight line AB is divided into two equal parts in C, and into two unequal parts in D, the rectangle contained by AD and DB together with the square of CD, is equal to the square of AC (5. 2.). The square of AC is therefore greater than the rectangle AD.DB. Therefore, &c. Q. E. D.

পূর্ব্ব কল্পনানুসারে কখগঘ এবং কঙচছ পরস্পর সদৃশ একারণ ঘক যথা কখ সম্বন্ধে ছক তথা কঙ সম্বন্ধে নিশ্চিত হইতেছে (৫।২১) সুতরাং ছক যথা কট সম্বন্ধে ছক তথা কঙ সম্বন্ধে অর্থাৎ কট কঙ দুই রেখার সম্বন্ধে ছক রেখার নিস্পত্তি পরিমাণ সমান সুতরাং কট এবং কঙ পরস্পর সমান হয় (৫।৯) কিন্তু তাহা অসাধ্য কেননা লঘুতর বৃহত্তরের সমান হয় না অতএব কখগঘ কটজছ উভয় এক কর্ণের পরিতস্থ হইতে পারে না সুতরাং কখগঘ কঙচছ অবশ্য এক কর্ণের পরিতস্থ হইবে। অতএব দুই সদৃশ ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

২৭ প্রতিজ্ঞা। উপপাদ্য।

কোন নির্দ্দিষ্ট সরল রেখার বিবিধ খণ্ডে যে২ আয়ত সম্ভাব্য হয় ঐ সরল রেখার অর্দ্ধের উপরিস্থ সম চতুর্ভুজ তৎ সর্ব্বাপেক্ষা বৃহত্তম হইবে।

কখ এক নির্দ্দিষ্ট সরল রেখা গ বিন্দুতে দ্বিখণ্ডিত হইয়াছে এবং ঘ তত্রস্থ অপর বিন্দু। কখ রেখার সমচতুর্ভুজ কঘ.ঘখ আয়ত অপেক্ষা বৃহৎ হইবে।




কেননা কখ সরল রেখা গ বিন্দুতে দুই সমান ভাগে এবং ঘ বিন্দুতে দুই অসমান ভাগে বিভক্ত হওয়াতে কঘ এবং খঘ খণ্ডের আয়ত এবং গঘ খণ্ডের সমচতুর্ভুজ একত্র যোগে কগ রেখার সমচতুর্ভুজ তুল্য হইবে (২।৫) সুতরাং কগ সমচতুর্ভুজ কঘ.খঘ আয়তাপেক্ষা বৃহৎ হইবে। অতএব কোন নির্দ্দিষ্ট ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

PROP. XXVIII. PROB.

To divide a given straight line, so that the rectangle contained by its segments, may be equal to a given rectilineal figure, but that figure must not be greater than the square of half the given line.*

Let AB be the given straight line, and C the




* Playfair, who substituted this proposition in his edition instead of the original Prop. XXVIII of Euclid, which he rightly describes as unnecessarily complex for beginners, has committed an inaccuracy, in not limiting the kind of figure, to which the rectangle contained by the segments of the divided line is to be made equal. Euclid observes as a strict rule throughout his work never to direct any thing to be done, which he has not either shown how to do in an earlier problem or assumed as possible to be done by one of his postulates. By not limiting the given space to rectilineal space, Playfair tacitly assumes that a square can always be found equal to any given space, which is not true.

২৮ প্রতিজ্ঞা। সম্পাদ্য।

এক নির্দ্দিষ্ট সরল রেখাকে এমত করিয়া ভাগ করিতে হইবে যে দুই খণ্ডের আয়ত এক নির্দ্দিষ্ট সরল রৈখিক ক্ষেত্রের* সমান হয় অথচ ঐ ক্ষেত্র অর্দ্ধ রেখার সম চতুর্ভুজ অপেক্ষা অধিক হইতে না পারে।

কখ নির্দ্দিষ্ট সরল রেখা এবং গ নির্দ্দিষ্ট সরল রৈখিক ক্ষেত্র গ ক্ষেত্রের সমান ঘঙচছ এক সমচতুর্ভুজ নিষ্কাসন কর (৬।২৫) অপর কখ সরল রেখাকে জ বিন্দুতে দ্বিখণ্ড কর কজ রেখার সমচতুর্ভুজ যদি ঘঙচছ সমচতুর্ভুজের সমান হয় তবে



অভীষ্ট সিদ্ধির অপেক্ষা নাই যদি সমান না হয় তবে লক্ষণানুসারে কজ রেখার সমচতুর্ভুজ ঘঙচছ হইতে অবশ্য

---

*প্লেফেয়ার ইউক্লিডের মূল গ্রন্থোক্ত ২৮ প্রতিজ্ঞার পরিবর্ত্তে এই প্রতিজ্ঞা রচনা করিয়াছেন তিনি কহেন ইউক্লিড প্রণীত প্রতিজ্ঞা নব্য পাঠকের পক্ষে অত্যন্ত কঠিন; তাহা যথার্থ বটে কিন্তু বিভক্ত রেখার খণ্ডের আয়ত কীদৃশ ক্ষেত্রের সমান হইবে তাহা স্থির না করাতে তাঁহার রচনায় দোষস্পর্শ হয়। ইউক্লিড পূর্ব্ববর্ত্তি কোন প্রতিজ্ঞায় যে বিষয় সম্পাদন করিবার ধারা প্রকাশ করেন নাই অথবা সহজে সম্পাদ্য বলিয়া স্বীকার করেন নাই কখন তাহার ন্যাস উল্লেখ করেন না। প্লেফেয়ার উক্ত ক্ষেত্রকে সরল রৈখিক বলিয়া বিশেষণ না করাতে আপাততঃ অঙ্গীকার করিতেছেন যে সর্ব্ব প্রকার ক্ষেত্রের তুল্য সম চতুর্ভুজ অঙ্কিত করা যায় কিন্তু তাহা বাস্তবিক সত্য নহে।

given rectilineal figure. Describe a square DEFG equal to C (25. 6.)

Bisect AB in H, and if the square upon AH be equal to DEFG, the thing required is done. But if they are not equal, the square upon AH is greater than DEFG, by the condition; and therefore AH is greater than DE, the side of the square DEFG. Draw HK at right angles to AB and equal to DE; and produce KH to L so that KL be equal to AH or HB. and from the centre K at the distance KL, describe a circle meeting AB in M. Join KM; and because AB is divided equally in H, and unequally in M, $AM.MB + HM^2 = AH^2$ (5. 2.) $= KM^2$. But $KH^2 + HM^2 = KM^2$ (47. 1.); therefore $AM.MB + HM^2 = KH^2 + HM^2$, and taking away HM^2, $AM.MB = KH^2$. Now $KH = DE$, and therefore $KH^2 = DE^2$. But the square on DE is equal to the rectilineal figure C; hence $AM.MB = C$; wherefore the given straight line AB is divided in M so that the rectangle contained by the segments AM, MB is equal to the given rectilineal figure C. *Which was to be done.*

PROP. XXIX. PROB.

*To produce a given straight line, so that the rectangle contained by the segments between the extremities of the given line, and the point to which it is produced, may be equal to a given rectilineal figure.**

* Here too Playfair says simply "a given space" without limiting it. See preceding note.

অধিক হইবে সুতরাং ঘণ্ডচহ্ন চতুর্ভুজের ঘঙ বাহু হইতে কজ বৃহত্তর হইবে।

কখ রেখার লম্বভাবে জট নিষ্কাশিত করিয়া তাহা ঘঙ সমান কর এবং টজ রেখাকে ঠ পর্য্যন্ত বৃদ্ধি কর যেন টঠ কজ অথবা জখ সমান হয়। অনন্তর ট কেন্দ্র করিয়া টঠ পর্য্যন্ত বৃত্ত অঙ্কিত কর ড বিন্দুতে সেই বৃত্তের কখ রেখোপরি সম্পাত হউক পরে টড সংযুক্ত কর। কখ রেখা জ চিহ্নে সমান ভাবে এবং ড চিহ্নে অসমান ভাবে বিভক্ত হইয়াছে একারণ কড. ডখ + জড^{২} = কজ^{২} (৫।২) = টড^{২}। অপর টজ^{২} + জড^{২} = টড^{২} (১।৪৭) সুতরাং কড.ডখ + জড^{২} = টজ^{২} + জড^{২} এবং জড^{২} বিয়োগ করিলে কড.ডখ = টজ^{২}। অধিকন্তু টজ = ঘঙ সুতরাং টজ^{২} = ঘঙ^{২}। কিন্তু ঘঙ রেখার সম চতুর্ভুজ গ সরল রৈখিক ক্ষেত্রের তুল্য তন্নিমিত্ত কড.ডখ = গ অতএব নির্দ্দিষ্ট কখ সরল রেখা ড বিন্দুতে এমত প্রকারে বিভক্ত হইয়াছে যে কড এবং ডখ দুই খণ্ডের আয়ত গ নির্দ্দিষ্ট সরল রৈখিক ক্ষেত্রের সমান হইল। ইহাই এস্থলে সম্পাদ্য।

---

২৯ প্রতিজ্ঞা। সম্পাদ্য।


এক নির্দ্দিষ্ট সরল রেখাকে এমত করিয়া বৃদ্ধি করিতে হইবে যে ঐ রেখার দুই প্রান্ত এবং বৃদ্ধির সীমা মধ্যস্থ দুই খণ্ডের আয়ত নির্দ্দিষ্ট সরল রৈখিক ক্ষেত্রের তুল্য হয়।

কখ নির্দ্দিষ্ট সরল রেখা। বর্দ্ধিতব্য কখ রেখার খণ্ডের আয়ত যে সরল রৈখিক ক্ষেত্রের সমান হইবে তত্তুল্য এক সম চতুর্ভুজ কল্পনা কর (৬।২৫)। ঘঙ সরল রেখা ঐ চতুর্ভুজের বাহু হউক।

---

* প্লেফেয়ার এস্থলেও সাধারণ রূপে কহেন "এক নির্দ্দিষ্ট ক্ষেত্র" পূর্ব্ব টীকায় দৃষ্টি কর।

Let AB be the given straight line; find a square equal to the rectilineal figure to which the rectangle under the segments of AB produced, must be equal (25. 6.); and let the straight line DE be the side of that square.



Bisect AB in C, and draw BF at right angles to AB, and take BF equal to DE. Join CF and from the centre C, at the distance CF, describe a circle meeting AB produced in G. And because AB is bisected in C, and produced to G, $AG.GB+CB^2=CG^2$ (6.2) $=CF^2$. But $CF^2=CB^2+BF^2$ (47. 1.), therefore $AG.GB+CB^2=BF^2+CB^2$ and $AG.GB=BF^2$. Now $BF=DE$ hence $BF^2=DE^2$. But the square upon the straight line DE is equal to the rectilineal figure to which the rectangle contained by the segments of AB produced is to be equal; wherefore the straight line AB is produced to G so that the rectangle AG.GB is equal to the given rectilineal figure. Which was to be done.


Scholium. *It is to be noticed that in this proposition, the magnitude of the given rectilineal figure not limited as in the last problem.*

PROP. XXX. PROB.

To cut a given straight line in extreme and mean ratio

Let AB be the givin straight line; it is required to cut it in extreme and mean ratio.

Upon AB describe (46. 1.) the square BC, and produce CA to D, so that the rectangle CD.DA may



কখ সরল রেখাকে গ বিন্দুতে দ্বিখণ্ডিত করিয়া খচ তাহার লম্ব নিষ্কাসিত কর যেন খচ ঘঙ সমান হয় পরে গচ সংযুক্ত করিয়া গ কেন্দ্র হইতে গচ পর্য্যন্ত বৃত্ত অঙ্কিত কর কখ সরল রেখা বর্দ্ধিত হইয়া ছ বিন্দুতে ঐ বৃত্ত সংলগ্ন হউক। অপর কখ গ বিন্দুতে দ্বিখণ্ডিত হইয়া ছ পর্য্যন্ত বর্দ্ধিত হইয়াছে একারণ কছ. ছখ + গখ^{২} = গছ^{২} (২।৬)= গচ^{২}। পরন্তু গচ^{২} = গখ^{২} + খচ^{২} (১।৪৭) সুতরাং কছ. ছখ + গখ^{২} = গখ^{২} + খচ^{২} এবং কছ. ছখ = খচ^{২}। অধিকন্তু খচ = ঘঙ সুতরাং খচ^{২} = ঘঙ^{২}। অপর বর্দ্ধিতব্য কখ রেখার খণ্ডের আয়ত যে সরল রৈখিক ক্ষেত্রের সমান হইবে ঘঙ রেখার সম চতুর্ভুজ তত্তুল্য অতএব কখ সরল রেখা এমত প্রকারে ছ পর্য্যন্ত বর্দ্ধিত হইয়াছে যে বর্দ্ধিত রেখার কছ এবং ছখ খণ্ডের আয়ত নির্দ্দিষ্ট সরল রৈখিক ক্ষেত্রের সমান হইল। ইহাই এস্থলে সম্পাদ্য।

টীকা। পাঠকবর্গ এস্থলে বুঝিবেন যে পূর্ব্ববর্ত্তি প্রতিজ্ঞাতে যেমত নির্দ্দিষ্ট সরল রৈখিক ক্ষেত্রের পরিমাণ নির্দ্ধারিত হইয়াছিল এ প্রতিজ্ঞায় সেরূপ হয় নাই।


৩০ প্রতিজ্ঞা। সম্পাদ্য।

এক নির্দ্দিষ্ট সরল রেখাকে অন্ত্য এবং মধ্য অনুপাতীয় করিয়া ছেদ করিতে হইবে।

কখ নির্দ্দিষ্ট সরল রেখা, তাহাকে অন্ত্য এবং মধ্য অনুপাতীয় করিয়া ছেদ করিতে হইবে।

কখ রেখার উপর খগ সম চতুর্ভুজ নিষ্কাসিত কর (১।৪৬) এবং গক ঘ পর্য্যন্ত বৃদ্ধি কর যেন গঘ.ঘক আয়ত খগ সম

be equal to the square CB (29. 6.). Take AE equal to AD, and complete the rectangle DF under DC and AE, or under DC and DA. Then, because the rectangle CD.DA is equal to the square CB, the rectangle DF is equal to CB. Take away the common part CE from each, and the remainder FB is equal to the remainder DE. But FB is the rectangle contained by FE and EB, that is, by AB and BE; and DE is the square upon AE; therefore AE is a mean proportional between AB and BE (17. 6.), or AB is to AE as AE to EB. But AB is greater than AE;



wherefore AE is greater than EB (14. 5.): Therefore the straight line AB is cut in extreme and mean ratio in E (Def. 3. 6.). *Which was to be done.*


Otherwise:

Let AB be the given straight line; it is required to cut it in extreme and mean ratio.

Divide AB in the point C, so that the rectangle contained by AB.BC may be equal to the square of AC (11. 2.); Then, because the rectangle AB.BC is equal to the square of AC, as BA to AC, so is AC to CB (17. 6.); Therefore AB is cut in extreme and mean ratio in C (11. 2.). *Which was to be done.*




চতুর্ভুজ তুল্য হয় (৬।২৯) এবং কঙ ঘক সমান ছেদ করিয়া খগ এবং কঙ অথবা ঘগ এবং ঘক রেখার আয়ত ঘচ পূর্ণ কর। ঘক সক আয়ত খগ সমচতুর্ভুজের সমান হওয়াতে ঘচ আয়ত ক্ষেত্র খগ সমান হইতেছে ঐ দুই ক্ষেত্রের কচ সামান্যাংশ বিয়োগ করিলে অবশিষ্ট ঘঙ এবং খচ সমান হইবে। পরন্তু খচ ক্ষেত্র চঙ এবং ঙখ অর্থাৎ কখ এবং খঙ রেখার আয়ত এবং ঘঙ কঙ রেখার সম চতুর্ভুজ অতএব কঙ রেখা কখ এবং খঙ রেখার মধ্য অনুপাতীয় (৬।১৭) অর্থাৎ কখ যথা কঙ সম্বন্ধে কঙ তথা খঙ সম্বন্ধে সপ্রমাণ হইল। অপর কখ কঙ অপেক্ষা বৃহৎ সুতরাং কঙ খঙ অপেক্ষা বৃহৎ হইবে (৫।২৪) অতএব কখ সরল রেখা ঙ বিন্দুতে অন্ত্য এবং মধ্য অনুপাতীয় রূপে ছিন্ন হইল (৬।৩ সংজ্ঞা)। ইহাই এস্থলে সম্পাদ্য।



প্রকারান্তর।

কখ নির্দ্দিষ্ট সরল রেখাকে অন্ত্য এবং মধ্য অনুপাতীয় রূপে ছিন্ন করিতে হইবে।

কখ রেখাকে গ বিন্দুতে এমত করিয়া ছিন্ন কর যে কখ-খগ আয়ত কগ সরল রেখার সম চতুর্ভুজ সমান হয় (২।১১) অপর কখ.খগ আয়ত কগ রেখার সম চতুর্ভুজ তুল্য একারণ খক যথা কগ সম্বন্ধে কগ তথা গখ সম্বন্ধে উপপন্ন হইবে (৬।১৭) অতএব কখ সরল রেখা অন্ত্য এবং মধ্য অনুপাতীয় রূপে ছিন্ন হইল। ইহাই এস্থলে সম্পাদ্য।




PROP. XXXI. THEOR.

In right-angled triangles, the rectilineal figure described upon the side opposite to the right angle, is equal to the similar, and similarly described figures upon the sides containing the right angle.

Let ABC be a right angled triangle, having the right angle BAC: The rectilineal figure described upon BC is equal to the similar, and similarly described figures upon BA, AC.

Draw the perpendicular AD; therefore, because in right angled triangle ABC, AD is drawn from right angle at A perpendicular to the base BC, the triangles ABD, ADC are similar to the whole triangle ABC, and to one another (8. 6.): and because the triangle ABC, is similar to ADB, as CB to BA, so is BA to BD (4. 6.); and because these three straight lines are proportionals, as the first to the third, so is the figure upon the first to the similar, and similarly described figure upon the second (2. Cor.): Therefore, as CB to BD, so is the figure upon CB to the similar and similarly described figure upon BA: and inversely (B. 5.), as DB to BC, so is the figure upon BA to that upon BC; for the same reason, as DC to CB, so is the figure upon CA to that upon CB. Wherefore, as BD and DC together to BC, so are the figures, upon BA and on AC




৩১ প্রতিজ্ঞা। উপপাদ্য।

সমকোণি ত্রিভুজের সমকোণের সম্মুখস্থ বাহুর উপরি নিষ্কাসিত সরল রৈখিক ক্ষেত্র সমকোণের পার্শ্বস্থ দুইবাহুর উপরিস্থ তৎসদৃশ এবং তাদৃশ রূপে নিষ্কাসিত দুই সরল রৈখিক ক্ষেত্রের সমান হয়।

কখগ সমকোণি ত্রিভুজ তাহার মধ্যে খকগ সমকোণ। খগ বাহুর উপরি নিষ্কাসিত সরল রৈখিক ক্ষেত্র কখ এবং কগ বাহুর উপরিস্থ তৎসদৃশ এবং তাদৃশরূপে নিষ্কাসিত দুই সরল রৈখিক ক্ষেত্র সমান হইবে।

কঘ লম্বপাত কর। অপর কখগ সমকোণি ত্রিভুজের সমকোণ ক হইতে খগ ভূমির উপর লম্বপাত হইয়াছে এতকারণ কখঘ কঘগ দুই ত্রিভুজ সমুদয় কখগ ত্রিভুজের এবং পরস্পরের সদৃশ হইল (৬।৮) এবং কখগ ত্রিভুজ কখঘ ত্রিভুজের সদৃশ হওয়াতে খগ যথা খক সম্বন্ধে খক তথা খঘ সম্বন্ধে (৬।৪) এবং এই তিন সরল রেখা* সমানুপাতীয় হওয়াতে প্রথম যথা তৃতীয় সম্বন্ধে প্রথমোপরিস্থ ক্ষেত্র



তথা দ্বিতীয়োপরিস্থ তৎসদৃশ এবং তাদৃশ রূপে নিষ্কাসিত ক্ষেত্রের সম্বন্ধে (৬।২০ দ্বিতীয় অনুমান) অতএব গখ যথা খঘ সম্বন্ধে গখ উপরিস্থ ক্ষেত্র তথা খক উপরিস্থ তৎসদৃশ ক্ষেত্রের সম্বন্ধে এবং বিলোম নিষ্পত্তিতে (৫।খ) ঘখ যথা খগ সম্বন্ধে খক উপরিস্থ ক্ষেত্র তথা খগ উপরিস্থ ক্ষেত্রের সম্বন্ধে। তদ্রূপ ঘগ যথা খগ সম্বন্ধে গক উপরিস্থ ক্ষেত্র তথা খগ উপরিস্থ ক্ষেত্রের সম্বন্ধে উপপন্ন হইবে। অতএব (৫।২৪) খঘ এবং ঘগ দুই ক্ষেত্রের একত্র যোগ যথা


together, to the figure upon BC (24. 5.): therefore the figures on BA, and on AC, are together equal to that on BC; and they are similar figures. Wherefore in right angled triangles, &c. Q. E. D.

PROP. XXXII. THEOR.

If two triangles which have two sides of the one proportional to two sides of the other, be joined at one angle so as to have their homologous sides parallel to one another; the remaining side shall be in a straight line.

Let ABC, DCE be two triangles which have two sides BA, AC proportional to the two CD, DE viz. BA to AC, as CD to DE, and let AB be parallel to DC, and AC to DE; BC and CE are in a straight line.

Because AB is parallel to DC, and the straight line AC meets them, the alternate angles BAC, ACD are equal (29. 1.); for the same reason, the angle CDE is equal to the angle ACD: wherefore also BAC is equal to CDE: And because the triangles ABC, DCE have one angle at A equal to one at D, and the sides about these angles proportionals, viz. BA to AC, as CD to DE, the triangle ABC is equiangular (6. 6.) to DCE: Therefore the angle ABC is equal to the angle DCE: And the angle BAC was proved to be equal




গগ সম্বন্ধে খক এবং কগ উপরিস্থ দুই ক্ষেত্রের একত্র যোগ এবং খগ উপরিস্থ ক্ষেত্রের সম্বন্ধে উপপন্ন হইল সুতরাং খক এবং কগ উপরিস্থ দুই ক্ষেত্র খগ উপরিস্থ ক্ষেত্রের সমান নিশ্চিত হইল আর তাহারা পরস্পর সদৃশও বটে। অতএব ত্রিভুজে ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

---

৩২ প্রতিজ্ঞা। উপপাদ্য।

দুই ত্রিভুজের যদি দুইং বাহু অনুপাতীয় হয় এবং তাহারা এক কোণে পরস্পর সংলগ্ন প্রযুক্ত যদি সবর্গীয় বাহু পরস্পরের সমানান্তরাল হয় তবে তাহারদের অবশিষ্ট বাহু এক সরল রেখায় থাকিবে।

কখগ এবং ঘগঙ দুই ত্রিভুজের খক কগ বাহু গঘ ঘঙ বাহুর অনুপাতীয় কল্পনা কর অর্থাৎ খক যথা কগ সম্বন্ধে গঘ তথা ঘঙ সম্বন্ধে জ্ঞান কর এবং কখ ঘগ ও কগ ঘঙ পরস্পরের সমানান্তরাল কল্পনা কর তাহাতে খগ গঙ এক সরল রেখাস্থ উপপন্ন হইবে।



কখ ঘগ পরস্পর সমানান্তরাল এবং তাহারদের উপর কগ রেখার সম্পাত হইয়াছে একারণ খকগ কোণ অপর পার্শ্বস্থ কগঘ সমান (১।২৯) ঐ কারণ গঘঙ কোণ কগঘ কোণের সমান সুতরাং খকগ এবং গঘঙ পরস্পর সমান। অপিচ কখগ ঘগঙ দুই ত্রিভুজের ক এবং ঘ কোণ সমান এবং ঐ সমানং কোণের পার্শ্বস্থ বাহু অনুপাতীয় হওয়াতে অর্থাৎ খক যথা কগ সম্বন্ধে গঘ তথা ঘঙ সম্বন্ধে কল্পিত হওয়াতে কখগ এবং গঘঙ ত্রিভুজ পরস্পর সমান কোণি

to ACD: Therefore the whole angle ACE is equal to the two angles ABC, BAC; add the common angle ACB, then the angles ACE, ACB are equal to the angles ABC, BAC, ACB: But ABC, BAC, ACB are equal to two right angles (32. 1.); therefore also the angles ACE, ACB are equal to two right angles: And since at the point C, in the straight line AC, the two straight lines BC, CE, which are on the opposite sides of it, make the adjacent angles ACE, ACB equal to two right angles; therefore (14. 1.) BC and CE are in a straight line. Wherefore, if two triangles, &c. Q. E. D.

PROP. XXXIII. THEOR.

In equal circles, angles, whether at the centres or circumferences, have the same ratio which the arches, on which they stand, have to one another: So also have the sectors.

Let ABC, DEF be equal circles; and at their centres the angles BGC, EHF, and the angles BAC, EDF, at their circumferences; as the arch BC to the arch EF, so is the angle BGC to the angle EHF, and the angle BAC to the EDF; and also the sector BGC to the sector EHF.

Take any number of arches CK, KL, each equal to BC, and any number whatever FM, MN, each equal to EF; and join GK, GL, HM, HN. Because the arches BC, CK, KL are all equal, the angles BGC, CGK, KGL are also all equal (27. 3.): Therefore,

উপপন্ন হইতেছে (৬।৬) একারণ কখগ কোণ ঘগঙ কোণের সমান হইল এবং পূর্ব্বে সপ্রমাণ হইয়াছে যে খকগ কোণ ঘখঙ কোণ সমান অতএব সমুদয় কগঙ কোণ খকগ এবং কখগ দুই কোণের তুল্য তাহাতে খগক কোণ যোগ করিলে কগঙ এবং কগখ দুই কোণ খকগ কখগ এবং কগখ তিন কোণের সমান হয় পরন্তু খকগ কখগ এবং কগখ তিন কোণ দুই সমকোণ তুল্য (১।৩২) অতএব কগঙ এবং কগখ দুই সমকোণ তুল্য এবং কগ রেখাস্থ গ বিন্দুতে খগ গঙ দুই সরল রেখা ভিন্নং পার্শ্ব হইতে আসিয়া কগঙ এবং কগখ দুই সংলগ্ন কোণকে একত্র দুই সমকোণ তুল্য করিতেছে একারণ খগ এবং গঙ এক সরল রেখাস্থ সপ্রমাণ হইল (১।১৪)। অতএব দুই ত্রিভুজের ইত্যাদি। ইহাই এস্থলে সম্পাদ্য।


৩৩ প্রতিজ্ঞা। উপপাদ্য।

সমানং বৃত্তেতে কেন্দ্রস্থ অথবা পরিধিস্থ কোণ যেং চাপের উপর থাকে পরস্পরের সম্বন্ধে তদনুযায়ি নিষ্পত্তি পরিমাণ ধারণ করে। বৃত্ত চ্ছেদকের বিষয়েও এইরূপ হয়।

কখগ ঘঙচ দুই সমানং বৃত্ত, খছগ এবং ঙজচ তাহারদের কেন্দ্রস্থ কোণ এবং খকগ ও ঙঘচ পরিধিস্থ কোণ। খগ চাপ যথা ঙচ চাপ সম্বন্ধে খছগ কোণ তথা ঙজচ সম্বন্ধে এবং খকগ ঙঘচ সম্বন্ধে। আর খছগ বৃত্তচ্ছেদকও তথা ঙজচ বৃত্তচ্ছেদক সম্বন্ধে উপপন্ন হইবে।


খগ চাপের সমানং কএক চাপ যথা গট টঠ এবং ঙচ চাপের সমানং কএক চাপ যথা চড ডঢ কল্পনা করিয়া ছট ছঠ জড জঢ সংযুক্ত কর। খগ গট টঠ চাপ পরস্পর সমান একারণ খছগ গছট টছঠ কোণও পরস্পর সমান হইবে (৩।২৭) অতএব খঠ চাপ যে পরিমাণে খগ চাপের অপবর্ত্ত্য খছঠ কোণও সেই পরিমাণে খছগ কোণের অপবর্ত্ত্য। তদ্রূপ ঙঢ চাপ যে পরিমাণে ঙচ চাপের অপবর্ত্ত্য

what multiple soever the arch BL is of the arch BC



the same multiple is the angle BGL of the angle BGC; for the same reason, whatever multiple the arch EN is of the arch EF, the same multiple is the angle EHN of the angle EHF. But if the arch BL be equal to the arch EN, the angle BGL is also equal (27. 3.) to the angle EHN; or if the arch BL be greater than EN, likewise the angle BGL is greater than EHN; and if less, less: There being then four magnitudes, the two arches BC, EF, and the two angles BGC, EHF; and of the arch BC, and of the angle BGC have been taken any equimultiples whatever, viz. the arch BL, and the angle BGL; and of the arch EF, and of the angle EHF, any equimultiples whatever, viz. the arch EN, and the angle EHN: And it has been proved, that if the arch BL be greater than EN, the angle BGL is greater than EHN; and if equal, equal; and if less, less: As, therefore, the arch BC to the arch EF, so (Def. 5. 5.) is the angle BGC to the angle EHF: But as the angle BGC is to the angle EHF, so is (15. 5.) the angle BAC to the angle EDF, for each is double of each (20. 3.): Therefore, as the circumference BC is to EF, so is the angle BGC to the angle EHF, and the angle BAC to the angle EDF.


ঙজচ কোণও সেই পরিমাণে ঙজচ কোণের অপবর্ত্ত্য। পরন্তু খঠ চাপ ঙচ চাপের সমান হইলে খছঠ কোণও ঙজচ কোণের সমান হইবে (৩।২৭) অথবা খঠ চাপ ঙচ চাপের অধিক



হইলে খছঠ কোণও ঙজচ কোণের অধিক হইবে এবং উক্ত চাপ ন্যূন হইলে কোণও তদ্রূপ ন্যূন হইবে। অতএব এস্থলে চারি রাশি নির্দ্দিষ্ট হইতেছে অর্থাৎ খগ ঙচ দুই চাপ এবং খছগ ও ঙজচ দুই কোণ এবং খগ চাপ ও খছগ কোণের দুই সম অপবর্ত্ত্য খঠ চাপ এবং খছঠ কোণ তথা ঙচ চাপ এবং ঙজচ কোণের দুই সম অপবর্ত্ত্য ঙচ চাপ এবং ঙজচ কোণ নি-শ্চিত হইয়াছে এবং ইহাও সপ্রমাণ হইয়াছে যে খঠ চাপ ঙচ চাপের সমান অথবা ন্যূনাধিক হইলে খছঠ কোণও ঙজচ কোণের সমান অথবা ন্যূনাধিক হইবে অতএব খগ চাপ যথা ঙচ চাপের সম্বন্ধে খছগ কোণ তথা ঙজচ কোণের সম্বন্ধে হইবে (৫।৫ সংজ্ঞা) অধিকন্তু খছগ কোণ যথা ঙজচ সম্বন্ধে খকগ কোণ তথা ঙঘচ সম্বন্ধে (৫।১৫) কেননা প্রথমোক্ত দুই কোণ ক্রমশ অপর দুই কোণের দ্বিগুণ (৩।২০) অতএব খগ চাপ যথা ঙচ চাপ সম্বন্ধে খছগ কোণ তথা ঙজচ কোণ সম্বন্ধে এবং খকগ কোণ তথা ঙঘচ কোণ সম্বন্ধে উপপন্ন হইল।


অপিচ খগ চাপ যথা ঙচ চাপ সম্বন্ধে খছগ বৃত্তচ্ছেদক তথা ঙজচ বৃত্তচ্ছেদক সম্বন্ধে উপপন্ন হইবে। খগ এবং গট সংযুক্ত

Also, as the arch BC to EF, so is the sector BGC t the sector EHF. Join BC, CK, and in the arche BC, CK take any points X, O, and join BX, XC, CO, OK: Then, because in the triangles GBC, GCK, th two sides BG, GC are equal to the two CG, GK, and also contain equal angles; the base BC is equal (4. 1.) to the base CK, and the triangle GBC to the triangl GCK: And because the arch BC is equal to the arch CK, the remaining part of the whole circumference o the circle ABC is equal to the remaining part of the whole circumference of the same circle: Wherefore the angle BXC is equal to the angle COK (27. 3.); an



the segment BXC is therefore similar to the segment COK (Def. 9. 3.), and they are upon equal straight lines BC, CK: But similar segments of circles upon equal straight lines are equal (24. 3.) to one another Therefore the segment BXC is equal to the segment COK: And the triangle BGC is equal to the triangle CGK; therefore the whole, the sector BGC is equal to the whole, the sector CGK. For the same reason, the sector KGL is equal to each of the sectors BGC, CGK: and in the same manner, the sectors EHF, FHM, MHN may be proved equal to one another, Therefore, what multiple soever the arch BL is of the arch BC, the same multiple is the sector BGL of the sector BGC. For the same reason, whatever multiple the arch EN is of EF, the same multiple is the

কর এবং খগ গট দুই চপে ভ ণ একং বিন্দু নির্দ্দেশ করিয়া খভ ভগ গণ ণট সংযুক্ত কর। অপর খছগ গছট ত্রিভুজে খছ ছগ এবং গছ ছট দুইং বাহু এবং ঐং বাহুর মধ্যবর্ত্তি একং কোণ সমান হওয়াতে খগ ভূমি গট ভূমির এবং খছগ ত্রিভুজ গছট ত্রিভুজের সমান হইবে (১ ৩)। অধিকন্তু খগ চাপ গট চাপের




সমান হওয়াতে কখগ বৃত্তপরিধিতে তাহারদের অবশিষ্ট অংশও পরস্পর সমান হইবে একারণ খভগ কোণ গণট কোণের সমান (৩।২৭) সুতরাং খভগ বৃত্তখণ্ড গণট বৃত্তখণ্ডের সদৃশ (৩।৯সং) পরন্তু ঐ দুই খণ্ড খগ গট সমান রেখার উপরিস্থ আছে আর সদৃশ বৃত্তখণ্ড সমানং সরল রেখার উপরিস্থ হইলে পরস্পর সমান হয় (৩।২৭) অতএব খভগ বৃত্তখণ্ড গণট খণ্ডের সমান হইবে। অপর খছগ ত্রিভুজও গছট ত্রিভুজের সমান উপপন্ন হইয়াছে অতএব খছগ সমুদয় বৃত্ত ছেদক গছট বৃত্ত ছেদকের সমান সপ্রমাণ হইল। ঐ কারণে টছঠ বৃত্ত ছেদক খছগ অথবা গছট বৃত্ত ছেদকের সমান হইবে। তদ্রূপ ঙজচ চজড ডজঢ তিন বৃত্ত ছেদকও পরস্পর সমান উপপন্ন হইবে অতএব খঠ চাপ যে পরিমাণে খগ চাপের অপবর্ত্ত খছঠ বৃত্তছেদকও সেই পরিমাণে খছগ বৃত্ত ছেদকের অপবর্ত্ত্য হইবে। ঐ কারণে ঙঢ চাপ যে পরিমাণে ঙচ চাপের অপবর্ত্ত্য ঙজঢ বৃত্ত ছেদকও সেই পরিমাণে ঙজচ বৃত্ত ছেদকের অপবর্ত্ত্য হইবে। অপর খঠ চাপ যদি ঙঢ চাপের সমান হয় তবে

sector EHN of the sector EHF: Now, if the arch BL be equal to EN, the sector BGL is equal to the sector EHN; and if the arch BL be greater than EN the sector BGL is greater than the sector EHN; and if less, less: Since, then, there are four magnitudes, the two arches BC, EF, and the two sectors BGC EHF; and of the arch BC, and sector BGC, the arch BL and the sector BGL are any equimultiples whatever; and of the arch EF, and sector EHF, the arch EN and sector EHN are any equimultiples whatever; and it has been proved, that if the arch BL be greater than EN, the sector BGL is greater than the sector EHN; if equal, equal; and if less, less; therefore (Def. 5. 5.), as the arch BC is to the arch EF, so is the sector BGC to the sector EHF. Wherefore, in equal circles, &c. Q. E. D.

PROP. B. THEOR.

If an angle of a triangle be bisected by a straight line which likewise cuts the base; the rectangle contained by the sides of the triangle is equal to the rectangle contained by the segments of the base together with the square of the straight line bisecting the angle.




Let ABC be a triangle, and let the angle BAC be bisected by the straight line AD; the rectangle BA.AC is equal to the rectangle BD.DC, together with the square of AD.

Describe the circle (5. 4.) ACB about the triangle, and produce AD to the circumference in E, and join EC. Then, because the angle

খছঠ বৃত্ত ছেদকও ঙজট বৃত্ত ছেদকের সমান হইবে এবং খঠ চাপ যদি ঙচ চাপের অধিক হয় তবে খছঠ বৃত্ত ছেদকও ঙজট বৃত্ত ছেদকের অধিক হইবে আর ঐ চাপ ন্যূন হইলে ঐ ছেদকও ন্যূন হইবে অতএব এস্থলে চারি রাশির নির্দ্দেশ হইল অর্থাৎ খগ ঙচ দুই চাপ এবং খছগ ঙজচ দুই বৃত্ত ছেদক। খগ চাপের ও খছগ বৃত্ত ছেদকের খঠ চাপ এবং খছঠ বৃত্ত ছেদক যে কোন প্রকারে সম অপবর্ত্ত্য তথা ঙচ চাপের এবং ঙজচ বৃত্ত ছেদকের ঙচ চাপ এবং ঙজট বৃত্ত ছেদক তদ্রূপ সম অপবর্ত্ত্য সিদ্ধ হইয়াছে এবং ইহাও সপ্রমাণ হইয়াছে যে খঠ চাপ ঙচ চাপের সমান অথবা ন্যূনাধিক হইলে খছঠ বৃত্ত ছেদকও ঙজট বৃত্ত ছেদকের সমান অথবা ন্যূনাধিক হইবে সুতরাং খগ চাপ যথা ঙচ চাপ সম্বন্ধে খছগ বৃত্ত ছেদকও তথা ঙজচ বৃত্ত ছেদকের সম্বন্ধে উপপন্ন হইল (৫।৫ সংজ্ঞা) অতএব সমান২ বৃত্তে ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

খ প্রতিজ্ঞা। উপপাদ্য।

ত্রিভুজের এক কোণ যদি কোন সরল রেখা দ্বারা দ্বিখণ্ডিত হয় এবং সেই রেখা যদি ভূমিকেও ছিন্ন করে তবে ত্রিভুজের দুই বাহুর আয়ত ভূমিখণ্ডের আয়ত এবং কোণ দ্বিখণ্ড কারক সরল রেখার সমচতুর্ভুজের যোগ সমান হইবে।




কখগ ত্রিভুজের খকগ কোণ কঘ সরল রেখা দ্বারা দ্বিখণ্ডিত কল্পনা কর তাহাতে খক.কগ আয়ত খঘ.ঘগ আয়ত এবং কঘ রেখার সম চতুর্ভুজ তুল্য হইবে। কখগ ত্রিভুজের উপর কখগ বৃত্ত অঙ্কিত করিয়া (৪।৫) কঘ রেখাকে পরিধিস্থ ঙ বিন্দু পর্য্যন্ত বৃদ্ধি কর এবং ঙগ

BAD is equal to the angle CAE, and the angle ABD to the angle (21. 3.) AEC, for they are in the same segment; the triangles ABD, AEC are equiangular to one another: Therefore BA : AD :: EA : AC (4. 6.) and consequently BA.AC=AD.AE (16. 6.) =ED.DA + DA². (3. 2.) But ED.DA = BD.DC (35. 3.) therefore BA.AC = BD.DC + DA². Wherefore if an angle, &c. Q. E. D.

PROP. C. THEOR.

If from any angle of a triangle a straight line be drawn perpendicular to the base; the rectangle contained by the sides of the triangle is equal to the rectangle contained by the perpendicular, and the diameter of the circle described about the triangle.

Let ABC be a triangle, and AD the perpendicular from the angle A to the base BC; the rectangle BA.AC is equal to the rectangle contained by AD and the diameter of the circle described about the triangle.




Describe (5. 4.) the circle ACB about the triangle, and draw its diameter AE, and join EC: Because the right angle BDA is equal (31. 3.) to the angle ECA in a semicircle, and the angle ABD to the angle AEC, in the same segment (21. 3.) the triangles ABD, AEC, are equiangular: Therefore, (4. 6.) as BA to AD, so is EA to AC: and consequently the rectangle BA.AC is equal (16. 6.) t

সংযুক্ত কর। খকঘ কোণ গকঙ কোণের সমান এবং কখগ কোণ কঙগ কোণের সমান (৩। ২১) কেননা তাহারা এক বৃত্তখণ্ডস্থ আছে সুতরাং কখঘ এবং কঙগ দুই ত্রিভুজ পরস্পর সমান কোণি অতএব খক : কঘ :: কঙ : কগ (৬। ৪) সুতরাং খক.কগ = কঘ.কঙ (৬। ১৬) = ঙঘ.ঘক + কঘ² (২। ৩) পরন্তু ঙঘ.ঘক = খঘ.ঘগ (৩। ৩৫) এ কারণ খক.কগ = খঘ.ঘগ + কঘ²। অতএব ত্রিভুজের এক কোণ ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

গ প্রতিজ্ঞা। উপপাদ্য।

ত্রিভুজের কোন কোণ হইতে ভূমির উপর লম্ব পাত করিলে ত্রিভুজের দুই বাহুর আয়ত উক্ত লম্বরেখা এবং ত্রিভুজের উপরি নিষ্কাসিত বৃত্তব্যাসের আয়ত তুল্য হইবে।

কখগ ত্রিভুজের ক কোণ হইতে খগ ভূমির উপর কঘ লম্বপাত কল্পনা কর তাহাতে খক.কগ আয়ত কঘ লম্ব রেখার এবং ত্রিভুজোপরি নিষ্কাসিত বৃত্ত ব্যাসের আয়ত তুল্য হইবে।



ত্রিভুজোপরি কগখ বৃত্ত নিষ্কাসিত করিয়া (৪।৫) তাহার কঙ ব্যাস নির্দ্দেশ কর এবং ঙগ সংযুক্ত কর। কঘখ সমকোণ একারণ তাহা অর্দ্ধ বৃত্তস্থ ঙগক কোণের সমান (৩।৩১) এবং কখঘ ও কঙগ কোণ এক বৃত্ত খণ্ডস্থ প্রযুক্ত পরস্পর সমান (৩।২১) সুতরাং কখঘ এবং কঙগ ত্রিভুজ পরস্পর সমানকোণি তন্নিমিত্ত খক যথ কঘ সম্বন্ধে ঙক তথা কগ সম্বন্ধে হইবে (৬।৪) সুতরাং খক


the rectangle EA.AD. If, therefore, from any angle, &c. Q. E. D.

PROP. D. THEOR.

The rectangle contained by the diagonals of a quadrilateral inscribed in a circle, is equal to both the rectangles contained by its opposite sides.

Let ABCD be any quadrilateral inscribed in a circle and let AC, BD be drawn; the rectangle AC.BD is equal to the two rectangles AB.CD, and AD.BC.

Make the angle ABE equal to the angle DBC; add to each of these the common angle EBD, then the angle ABD is equal to the angle EBC: And the angle BDA is equal to (21. 3.) the angle BCE, because they are in the same segment; therefore the triangle ABD is equiangular to the triangle BCE. Wherefore (4. 6.), BC : EC :: BD : DA, and consequently (16. 6.) BC.DA = BD.CE. Again, because the angle ABE is equal to the angle DBC, and the angle (21. 3.) BAE to the angle BDC,



the triangle ABE is equiangular to the triangle BCD, therefore BA : AE : : BD : DC, and BA.DC = BD.AE (16. 6.): But it was shewn that BC.DA = BD.CE; wherefore BC.DA + BA.DC = BD.CE + BD.AE = BD.AC (1. 2.). That is, the rectangle contained by BD and AC is equal to the rectangle contained by AB and CD, and AD and BC. Therefore the rectangle, &c. Q. E. D.


কগ আয়ত ঙক কঘ আয়ত তুল্য উপপন্ন হইল। অতএব সমভূজের ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

ঘ প্রতিজ্ঞা। উপপাদ্য।

বৃত্তের অন্তর্গত চতুর্ভুজ ক্ষেত্রস্থ দুই কর্ণের আয়ত ঐ ক্ষেত্রের পরস্পর সম্মুখস্থ রেখোৎপন্ন দুই আয়তের তুল্য।

কখগঘ চতুর্ভুজ ক্ষেত্র কোন বৃত্তের অন্তর্গত কল্পনা কর এবং কগ খঘ তাহার কর্ণ নিষ্কাসিত কর তাহাতে খঘ.কগ আয়ত কখ.গঘ এবং কঘ.খগ দুই আয়তের তুল্য হইবে।

কখঙ কোণ ঘখগ কোণের সমান করিয়া নিষ্কাসিত কর এবং তাহারদের প্রত্যেকে ঙখগ কোণ যোগ কর তাহাতে কখঘ কোণ ঙখগ কোণের সমান হইবে। অপর খঘক কোণ খগক কোণের সমান কেননা তাহারা এক বৃত্ত খণ্ডেতে আছে (৩।২১) অতএব কখঘ এবং ঙখগ দুই ত্রিভুজ সমান কোণি উপপন্ন হইল সুতরাং খগ : গঙ :: খঘ : ঘক (৬।৪) এবং খগ.ঘক = গঙ.খঘ (৬।১৬)। অপর কখঙ কোণ ঘখগ সমান এবং খকঙ কোণ খঘগ সমান (৩।২১) তন্নিমিত্ত কখঙ ত্রিভুজ খগঘ ত্রিভুজের সমান কোণি




অতএব খক : কঙ :: খঘ : ঘগ সুতরাং খক.ঘগ = খঘ.কঙ (৬।১৬) পরন্তু পূর্ব্বে সপ্রমাণ হইয়াছে যে খগ. ঘক = খঘ. গঙ সুতরাং খক.ঘগ + খগ. ঘক = খঘ. কঙ + খঘ. গঙ = খঘ. কগ (২।১) অর্থাৎ খঘ এবং কগ দুই কর্ণের আয়ত খগ এবং কঘ তথা কখ এবং গঘ সম্মুখস্থ ভুজোৎপন্ন দুই আয়ত তুল্য। অতএব বৃত্তের অন্তর্গত ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

PROP. E. THEOR.

If an arch of a circle be bisected, and from the extremities of the arch, and from the point of bisection, straight lines be drawn to any point in the circumference; the sum of the two lines drawn from the extremities of the arch will have to the line drawn from the point of bisection, the same ratio which the straight line subtending the arch has to the straight line subtending half the arch.


Let ABD be a circle, of which AB is an arch bisected in C, and from A, C, and B to D, any point whatever in the circumference, let AD, CD, BD be drawn the sum of the two lines AD and BD has to DC the same ratio that BA has to AC.



For since ACBD is a quadrilateral inscribed in a circle, of which the diagonals are AB and CD, AD.CB+DB.AC (D. 6.)=AB.CD: but AD.CB+DB.AC=AD.AC+DB.AC, because CB=AC. Therefore AD.AC+DB.AC, that is (1. 2.), (AD+DB) AC=AB.CD. And because the sides of equal rectangles are reciprocally proportional (14. 6.) AD+DB : DC :: AB : AC. Wherefore, &c. Q. E. D.

ঙ প্রতিজ্ঞা। উপপাদ্য।

বৃত্তের কোন চাপ দ্বিখণ্ডিত হইলে যদি চাপের দুই প্রান্ত এবং দ্বিখণ্ড চিহ্ন হইতে পরিধির কোন বিন্দু পর্য্যন্ত একং সরল রেখা নিষ্কাসিত হয় তবে প্রান্ত হইতে নিষ্কাসিত দুই রেখা একত্র যোগে দ্বিখণ্ড চিহ্ন হইতে নিষ্কাসিত রেখার সম্বন্ধে যে নিষ্পত্তি পরিমাণ ধারণ করিবে তাহা চাপের সম্মুখস্থ সরল রেখার চাপার্দ্ধ সম্মুখস্থ সরল রেখা সম্বন্ধীয় নিষ্পত্তি পরিমাণের তুল্য হইবে।



কখঘ বৃত্ত কল্পনা কর তন্মধ্যে কখ চাপ গ বিন্দুতে দ্বিখণ্ডিত হইয়াছে এবং ক, গ, খ তিন বিন্দু হইতে পরিধিস্থ ঘ বিন্দু পর্য্যন্ত একং সরল রেখা অর্থাৎ কঘ গঘ খঘ নিষ্কাসিত হইয়াছে কঘ ঘখ একত্র যোগে গঘ সম্বন্ধে যে নিষ্পত্তি পরিমাণ ধারণ করে তাহা কখ রেখার কগ সম্বন্ধীয় নিষ্পত্তি পরিমাণ তুল্য।


কগখঘ বৃত্তান্তর্গত চতুর্ভুজ ক্ষেত্র হওয়াতে এবং কখ গঘ তাহার কর্ণ হওয়াতে কঘ.খগ + খঘ.কগ = কখ.গঘ (৬।ঘ প্র) পরন্তু কঘ.খগ + খঘ.কগ = কঘ.কগ + খঘ. কগ কেননা কগ = খগ অতএব কঘ.কগ + খঘ. কগ অর্থাৎ (কঘ + খঘ) কগ = কখ.গঘ অপর সমানং আয়তের বাহু উভয়তঃ অনুপাতীয় হয় একারণ (৬।১৪) কঘ + খঘ:গঘ :: কখ : কগ অতএব বৃত্তের কোণ চাপ ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

PROP. F. THEOR.

If two points be taken in a straight line passing through the centre of a circle, such that the rectangle contained by the segments intercepted between them and the centre of the circle be equal to the square of the radius; and if from these points two straight lines be drawn to any point whatsoever in the circumference of the circle, the ratio of these lines will be the same with the ratio of the segments intercepted between the two first mentioned points and the circumference of the circle.

Let ABC be a circle, of which the centre is D, and CAF a straight line passing through the centre D. In CAF take two points E, F, such that the rectangle FD. DE is equal to the square of AD. Since ED.DF=AD², ED : AD : : AD : DF (17. 6.) and therefore if ED is less than AD, AD is less than DF (14. 5.); therefore if one of the points as E is within the circle the other F will be out of the circle.

Let B be any point in the circumference of the circle, and draw straight lines EB, FB. FB : BE : : FA : AE.




Join BD and BA, and because the rectangle FD.DE

চ প্রতিজ্ঞা। উপপাদ্য।

বৃত্ত কেন্দ্র গত কোন সরল রেখায় যদি এমত দুই বিন্দুর নির্দ্দেশ করা যায় যে ঐ দুই বিন্দু এবং কেন্দ্রের মধ্যস্থিত দুই খণ্ডের আয়ত কর্কট রেখার সমচতুর্ভুজ তুল্য হয় এবং ঐ দুই বিন্দু হইতে যদি বৃত্ত পরিধিস্থ কোন বিন্দু পর্য্যন্ত দুই সরল রেখা নিষ্কাশিত হয় তবে ঐ দুই রেখার পরস্পর নিষ্পত্তি পরিমাণ প্রথমোক্ত দুই বিন্দু এবং বৃত্ত পরিধির মধ্যবর্ত্তি রেখা খণ্ডের নিষ্পত্তি তুল্য হইবে।

কখগ বৃত্তের ঘ কেন্দ্র এবং গকচ কেন্দ্রগত কোন সরল রেখা কল্পনা কর। গকচ রেখাতে চ, ঙ দুই বিন্দু এমত প্রকারে নির্দ্দেশ কর যেন ঙঘ.ঘচ আয়ত কঘ কর্কট রেখার সমচতুর্ভুজ তুল্য হয়। ঙঘ.ঘচ = কঘ² একারণ ঙঘ : কঘ :: কঘ : ঘচ (৬।১৭) সুতরাং ঙঘ যদি কঘ অপেক্ষা ন্যূন হয় কঘ তবে ঘচ অপেক্ষা ন্যূন (৫।১৪) অতএব নির্দ্দিষ্ট দুই বিন্দুর একটী অর্থাৎ ঙ যদি বৃত্তের মধ্যে থাকে তবে অন্যটী অর্থাৎ চ. বৃত্তের বাহিরে পড়িবে। অপর খ পরিধিস্থ কোন বিন্দু কল্পনা করিয়া ঙখ চখ দুই রেখা নিষ্কাশন কর তাহাতে চখ : খঙ :: চক : কঙ হইবে।



পরে খঘ এবং খক সংযুক্ত কর। চঘ.ঘঙ আয়ত কঘ অর্থাৎ খঘ কর্কট রেখার সমচতুর্ভুজ তুল্য একারণ চঘ : খঘ :: খঘ :

is equal to the square of AD, that is, of BD, FD : DB : : DB : DE (17. 6.)

The two triangles FDB, BDE have therefore the sides proportional that are about the common angle D; hence, they are equiangular (6. 6.), the angle DBE being equal to the angle DFB. Again, since DB is equal to DA, the angle DBA is equal to DAB (5. 1.), but DBA is the sum of DBE and EBA, and DAB is the sum of AFB and FBA (32. 1.); therefore the sum of DBE and EBA is equal to the sum of AFB and FBA; from these equals take away the equal angles DBE and AFB, and the remaining angles EBA and FBA will be equal. Thus, it appears, that, in the triangle FBE, the line BA bisects the angle FBE; therefore FB : BE : : FA : AE (3. 6.). Therefore, &c. Q. E. D.

COR. The ratio of the straight lines FB, BE, is also the same with the ratio of FC, CE, C being the point in which FE produced meets the cricle: For produce FB to G, and join BC.

Because the angles FBE, EBG make together two right angles (13. 1.), and therefore are equal to twice the sum of ABE and EBC, which make one right angle; and it has been shewn, that FBE is double ABE, therefore EBG is double EBC; hence it appears that the outward angle EBG is bisected by BC, therefore FB : BE : : FC : CE (A. 6.).

PROP. G. THEOR.

If from the extremity of the diameter of a circle a straight line be drawn in the circle, and if either within the circle, or produced without it, it meet a line perpen-

খঙ (৬।১৭) অতএব চঘখ এবং খঘঙ দুই ত্রিভুজের সামান্য ঘ কোণের পার্শ্বস্থ বাহু অনুপাতীয় হওয়াতে সুতরাং তাহারা সমান কোণি সপ্রমাণ হইল (৬।৬) এবং ঘখঙ কোণ খচঘ কোণের সমান অপর খঘ এবং কঘ সমান হওয়াতে ঘকখ কোণ ঘখক কোণের সমান (১।৫) কিন্তু ঘখক কোণ ঘখঙ এবং ঙখক কোণের যোগ তুল্য এবং ঘকখ কোণ কচখ এবং কখচ কোণের যোগতুল্য (১।৩২) অতএব ঘখঙ এবং ঙখক কোণের যোগ কচখ এবং কখচ কোণের যোগ তুল্য হইল সুতরাং ঘখঙ এবং কচখ সমান২ কোণ উভয়তঃ বিয়োগ করিলে অবশিষ্ট ঙখক কোণ কখচ কোণের তুল্য হইবে অতএব এমত উপপন্ন হইল যে খচঙ ত্রিভুজে চখঙ কোণ কখ রেখা দ্বারা দ্বিখণ্ড হইয়াছে এবং চখ : খঙ :: চক : কঙ (৬।৩)। ইহাই এস্থলে উপপাদ্য ”।


“ অনুমান। চঙ রেখা পরিধিস্থ গ বিন্দু পর্য্যন্ত বর্দ্ধিত করিলে চখ খঙ সরল রেখার পরস্পর নিষ্পত্তি চগ গঙ রেখার নিষ্পত্তি তুল্য হইবে। চখ ছ পর্য্যন্ত বৃদ্ধি করিয়া খগ সংযুক্ত কর। চখঙ এবং ঙখছ একত্র যোগে দুই সমকোণ তুল্য (১।১৩) সুতরাং তাহারা কখঙ এবং ঙখগ কোণের দ্বিগুণ কেননা এই দুই কোণ একত্র যোগে এক সমকোণ তুল্য। অপর পূর্ব্বে সপ্রমাণ হইয়াছে যে চখঙ কোণ কখঙ কোণের দ্বিগুণ অতএব ঙখছ কোণ ঙখগ কোণের দ্বিগুণ তন্নিমিত্ত চখঙ ত্রিভুজের বহিস্থ ঙখছ কোণ খগ দ্বারা দ্বিখণ্ডিত উপপন্ন হইতেছে অতএব চখ : খঙ :: চগ : গঙ (৬।ক)।

ছ প্রতিজ্ঞা উপপাদ্য।

বৃত্ত ব্যাসের অগ্র হইতে বৃত্ত মধ্যে যদি কোন সরল রেখা নিষ্কাসিত হয় এবং যদি ঐ সরল রেখা মধ্যেই হউক অথবা বর্দ্ধিত হইয়া বাহিরেই হউক উক্ত ব্যাসের কোন লম্ব রেখায় সম্পাতিত হয় তবে বৃত্ত মধ্যস্থ ঐ রেখা এবং ব্যাসাগ্র ও লম্বের

dicular to the same diameter; the rectangle contained by the straight line drawn in the circle, and the segment of it, intercepted between the extremity of the diameter and the perpendicular, is equal to the rectangle contained by the diameter, and the segment of it cut off by the perpendicular.

Let ABC be a circle, of which AC is the diameter, let DE be perpendicular to the diameter AC, and let AB meet DE in F; the rectangle BA.AF is equal to the rectangle CA.AD. Join BC, and because ABC is an angle in a semicircle, it is a right angle (31. 3.): Now,




the angle ADF is also a right angle (Hyp.); and the angle BAC is either the same with DAF, or vertical to it; therefore the triangles ABC, ADF, are equiangular, and BA : AC :: AD : AF (4. 6.); therefore also the rectangle BA.AF contained by the extremes is equal to the rectangle AC.AD contained by the means. (16. 6.) If therefore, &c. Q. E. D.

PROP. H. THEOR.

The perpendiculars drawn from the three angles of any triangle to the opposite sides intersect one another in the same point.

মধ্যবর্ত্তি তৎখণ্ডে উৎপন্ন আয়ত ব্যাস এবং লম্ব দ্বারা ছিন্ন তৎখণ্ডে উৎপন্ন আয়তের তুল্য হইবে।

কখগ বৃত্তের কগ ব্যাস কল্পনা করিয়া তাহার উপর ঘঙ লম্ব পাত কর সেই লম্বস্থ চ বিন্দুতে কখ রেখার সম্পাত হউক খক.কচ আয়ত গক.কঘ আয়ত তুল্য হইবে। খগ সংযুক্ত কর




কখগ কোণ অর্দ্ধ বৃত্তস্থ প্রযুক্ত সমকোণ (৩।৩১) এবং কল্পনানুসারে কঘচ কোণও সম কোণ অপর খকগ এবং ঘকচ একই কোণ অথবা পরস্পরের সম্মুখস্থ কোণ একারণ কখগ এবং ঘকচ ত্রিভুজ সমান কোণি সুতরাং খক : কগ :: কঘ : কচ (৬।৪) অতএব দুই অন্ত্য রেখার খক.কচ আয়ত মধ্য রেখার কগ.কঘ আয়ত তুল্য হইল (৬।১৬)। সুতরাং বৃত্ত ব্যাসের ইত্যাদি। ইহাই এস্থলে উপপাদ্য।

জ প্রতিজ্ঞা উপপাদ্য।


ত্রিভুজের প্রত্যেক কোণ হইতে সম্মুখস্থ বাহুর উপর লম্বপাত করিলে এক বিন্দুতেই সে সকল লম্বের পরস্পর সম্পাত হইবে।

Let ABC be a triangle, and BD, and CE two perpendiculars intersecting one another in F: let AF be joined, and produced if necessary, let it meet BC in G; AG is perpendicular to BC.



Join DE, and because AEF is a right angle, a circle described about the triangle AEF will have AF for a diameter (31. 1.); Also, because ADF is a right angle, a circle described about the triangle ADF will have AF for a diameter; therefore the points A, E, F, D are in the circumference of the same circle. And because the angles BEC, BDC are right angles, it may be shewn, in the same manner, that the points B, E, D, C are in the circumference of the same circle, viz. that which has BC for its diameter: Let the circle AEFD and the semicircle BEDC be described (31. 3.). Then the angles FED, FAD, or CED, GAC, being in the same segment, will be equal (21. 3.): And in like manner it appears, that the angle CBD is equal to CED (21. 3.), therefore the angle CBD is equal to GAC. The two triangles CBD, CAG have therefore the angle CBD equal to CAG, and the angle GCB common, wherefore the remaining angles CEB, CDA are equal (32. 1.); now CDB is a right angle; therefore CGA is also a right angle, and AG is perpendicular to BC. Therefore, &c. Q. E. D.

কখগ ত্রিভুজ মধ্যে খঘ গঙ দুই লম্বের পরস্পর সম্পাত চ চিহ্নে কল্পনা করিয়া চক সংযুক্ত কর এবং প্রয়োজন হইলে তাহা বৃদ্ধি কর পরে ঐ চক সরল রেখা ছ বিন্দুতে খগ রেখায় সংলগ্ন হউক তাহাতে কছ খগ রেখার লম্ব উপপন্ন হইবে।



ঘঙ সংযুক্ত কর। কঙচ সমকোণ একারণ কঙচ ত্রিভুজোপরি বৃত্ত নিষ্কাসিত করিলে কচ সে বৃত্তের ব্যাস হইবে (৩।৩১) তথা কঘচ সমকোণ তন্নিমিত্ত কঘচ ত্রিভুজোপরি বৃত্ত নিষ্কাসিত করিলে কচ তাহারও ব্যাস হইবে অতএব কঙ চ ঘ এইচারি বিন্দু এক বৃত্তের পরিধিতে আছে। অপর খঙগ এবং গঘখ প্রত্যেকে সমকোণ একারণ ইহাও উপপন্ন করা যাইতে পারে যে খঙ ঘগ বিন্দুও এক বৃত্তের পরিধিতে আছে এবং খগ সেই বৃত্তের ব্যাস অতএব কঙচঘ বৃত্ত এবং খঙঘগ অৰ্দ্ধ বৃত্ত নিষ্কাসিত কর। অধিকন্তু চঙঘ এবং চকঘ অর্থাৎ গঙঘ এবং ছকগ এক বৃত্তখণ্ডস্থ হওয়াতে পরস্পর সমান (৩।২১) তদ্রূপ গখঘ কোণ গঙঘ কোণের সমান উপপন্ন হইবে অতএব গখঘ কোণ ছকগ কোণের সমান সুতরাং খগঘ গকছ দুই ত্রিভুজে গখঘ কোণ ছকগ সমান এবং ছগঘ উভয় পক্ষে সামান্য একারণ অবশিষ্ট গঘখ এবং কছগ কোণ পরস্পর সমান (১।৩২) পরন্তু গঘখ সমকোণ তন্নিমিত্ত কছগ কোণও সমকোণ সুতরাং কছ খগ সরল রেখার লম্ব সপ্রমাণ হইল। অতএব ত্রিভুজের ইত্যাদি।

COR. The triangle ADE is similar to the triangle ABC. For the two triangles BAD, CAE having the angles at D and E right angles, and the angle at A common, are equiangular, and therefore BA : AD : : CA : AE, and alternately BA : CA : : AD : AE ; therefore the two triangles BAC, DAE, have an angle at A common, and the sides about that angle proportionals, therefore they are equiangular (6. 6.) and similar.

Hence the rectangles BA.AE, CA.AD are equal.

PROP. K. THEOR.

If from any angle of a triangle a perpendicular be drawn to the opposite side or base ; the rectangle contained by the sum and difference of the other two sides is equal to the rectangle contained by the sum and difference of the segments, into which the base is divided by the perpendicular.

Let ABC be a triangle, and AD a perpendicular drawn from the angle A on the base BC, so that BD, DC are the segments of the base ; (AC + AB) (AC—AB) = (CD + DB) (CD—DB).



From A as a centre with the radius AC, the greater of the two sides, describe the circle CFG ; produce


অনুমান। কঘঙ ত্রিভুজ কখগ ত্রিভুজের সদৃশ কেননা খকঘ গকঙ ত্রিভুজে ঘ এবং ঙ সমকোণ এবং ক কোণ উভয় পক্ষে সামান্য হওয়াতে তাহারা সমান কোণি হইবে একারণ খক: কঘ:: গক: কঙ সুতরাং বিনিময় নিষ্পত্তিতে খক: গক:: কঘ: কঙ অতএব খকগ ঘকঙ ত্রিভুজের ক সামান্য কোণ এবং তৎপার্শ্বস্থ বাহু অনুপাতীয় হওয়াতে তাহারা সমান কোণি এবং সদৃশ (৬। ৬)।

ট প্রতিজ্ঞা। উপপাদ্য।

ত্রিভুজের কোন কোণ হইতে সম্মুখস্থ বাহু কিম্বা ভূমিতে যদি লম্বপাত হয় তবে অন্য দুই বাহুর যোগ এবং অন্তরের আয়ত ভূমির লম্ব দ্বারা ছিন্ন দুই খণ্ডের যোগ এবং অন্তরের আয়ত তুল্য হইবে।

কখগ ত্রিভুজের ক কোণ হইতে খগ ভূমির উপর কঘ লম্ব পাত কল্পনা কর, তাহাতে খঘ ঘগ ভূমির খণ্ড হওয়াতে (কগ + কখ) (কগ—কখ) =(গঘ + ঘখ) (গঘ—ঘখ) হইবে।

ক কেন্দ্র হইতে দুই বাহুর বৃহত্তর কগ ককর্ট করিয়া গচছ



বৃত্ত নিষ্কাশন কর এবং কখ রেখাকে পরিধিস্থ চ ও পর্য্যন্ত বৃদ্ধি কর অপর গঘ রেখাকে ছ পর্য্যন্ত বৃদ্ধি কর। কচ= কগ

